বিদগ্ধ-মুখ-মণ্ডনম্।

শ্রীমদ্দ্বারকানাথ কাব্যতীর্থ বিরচিতয়া

সুবোধিনীসমাখ্যয়া টীকয়া

সমলঙ্কৃতম্।

"চীয়তে বালিশস্যাপি সৎক্ষেত্রপতিতা কৃষিঃ।
ন শালেঃ স্তম্বকরিতা বপ্তুর্গুণমপেক্ষতে॥"

মুদ্রারাক্ষসম্

শ্রীযুক্ত গোবিন্দপ্রসাদ রায়কৃতানুবাদ-

সমেতম্।

চট্টগ্রাম জিলান্তর্গত দুর্গাপুর নিবাসিনা

শ্রীমতা চন্দ্রকুমার চক্রবর্ত্তিনা

প্রকাশিতম্।

কলিকাতারাজধান্যাম্

২৪নং মানিকতলা ষ্ট্রীট-ভবনস্থ রামায়ণযন্ত্রে

শ্রীক্ষীরোদনাথ ঘোষেণ

মুদ্রিতম্।

সন ১২৯৬ সাল।

মূল্য ৵০ দুই আনা মাত্র। ডাকমাশুল ৴১০ দুই পয়সা।

ভূমিকা

এই গ্রন্থখানি নানাবিষয়াবলম্বনেরচিত কতকগুলিসংস্কৃতশ্লোকসমষ্টিমাত্র। শ্লোকগুলি আমোদপূর্ণ এবং হৃদয়গ্রাহী। গ্রন্থখানি ক্ষুদ্র হইলেও গ্রন্থকার যে একজন অসাধারণ জ্ঞানী ও চিন্তাশীল। শ্লোকগুলিই তাহার জ্বলন্ত দৃষ্টান্ত। প্রত্যেক শ্লোকে গ্রন্থকার যথেষ্ট চিন্তাশীলতা প্রদর্শন করাইয়াছেন। শ্লোকগুলি পড়িতে আরম্ভ করিলে প্রায়ই ছাড়িতে ইচ্ছা হয়না। এক এক স্থলে ইচ্ছাপূর্ব্বকও হাস্য সম্বরণ করাযায়না। কিন্তু দুঃখের বিষয় এই শ্লোকরত্নগুলি কোন্ মহাত্মার চিন্তারত্নাকর জাত বহু অনুসন্ধানেও পরিজ্ঞাত হইতে পারিলামনা। সুতরাং পাঠক বর্গেরও গ্রন্থকর্ত্তৃবিষয়িণী জিগীষা পূর্ণ করিতে সম্পূর্ণ অক্ষম রহিলাম।

এই গ্রন্থখানি ঢাকা, বিক্রমপুর, ফরিদপুর, বাখরগঞ্জ, বরিশাল, কুমিল্লা, নোয়াখালীও চট্টগ্রাম প্রভৃতি অঞ্চলে বিদগ্ধ-মুখ-মণ্ডন নামে অভিহিত। কিন্তু ধর্ম্মদাস সুরি বিরচিত বোম্বে বৃত্তদীপ মুদ্রাযন্ত্রে হরিদাস হিরাচন্দ্র কর্ত্তৃক প্রকাশিত বিদগ্ধ-মুখ-মণ্ডনের সহিত ইহার নামগত ভিন্ন অন্যকোন অংশেই সমতা দৃষ্ট হয়না। জানিনা এরূপ বিভিন্নপ্রণালীতে রচিত পুস্তকদ্বয়ের নামগত সমতার কারণ কি। গ্রন্থের রীতি ও শ্লোকগত পার্থক্য থাকিলেও নামার্থানুযায়ী সার্থকতা সম্পাদনে উভয় কবিই যথেষ্ট বুদ্ধিমত্তা প্রকাশ করিয়াছেন। স্থূলতঃ শ্লোক সৌন্দর্য্য ও জ্ঞান গৌরবের সমালোচনা করিতে গেলে এই গ্রন্থ রচয়িতাই সমধিক বুদ্ধিমান্ ও চিন্তাশীল বলিয়া প্রতীতি জন্মে।

বিষয়ি সমাজে এই গ্রন্থখানির বিশেষ আদর দেখিতে পাওয়া যায়। অনেকের শ্লোকগুলি কণ্ঠস্থ আছে। কিন্তু এই আদরের ধন বিদগ্ধ-মুখমণ্ডনের আদি কি অন্ত কি নির্ণয় করা দুঃসাধ্য। কাহারও নিকট তিরিশ কাহারও নিকট চল্লিশ কাহারও কাহারও নিকট বা পঞ্চাশ, যাইট শ্লোকও লেখা আছে দেখাযায়। যাঁহার নিকট যতদূর আছে তিনি তাহাকেই পূর্ণ গ্রন্থ বলিয়া জানেন। আবার কাহারও গ্রন্থে বা ৫টী শ্লোক অপরগুলি হইতে নূতন; কোন শ্লোক বা ৫ খানিতে পাঁচ মতন ইত্যাদি বিশৃঙ্খল ভাব দৃষ্ট হয়। আমি বহু পরিশ্রম স্বীকার পূর্ব্বক অনেকগুলি গ্রন্থ একত্র করতঃ যাহা নির্ণয় করিতে পারিয়াছি, আপাততঃ তাহাই এই পুস্তকাকারে ছাপাহইল।

বিদ্যাসুন্দর, মহানাটক প্রভৃতি পুস্তকের ও কয়েকটী শ্লোক পাওয়া গিয়াছিল সেইগুলি পরে প্রক্ষিপ্ত বিবেচনায় পরিত্যাগ করা হইয়াছে।

ইহা যেরূপ জটিল ভাবে রচিত; অনেকস্থলে কুশাগ্রবুদ্ধি, তেজস্বী পণ্ডিতগণেরও মস্তিষ্ক ঘুরিয়া যায়। সুতরাং একটী উপযুক্ত টীকা নাহইলে সহজে বুঝিবার সুবিধা হয়না বোধে; নোয়াখালী জিলান্তর্গত সোনাচাকা নিবাসী, তীক্ষ্ণ বুদ্ধি ও চিন্তাশীল, মালখানগর ইংরাজি স্কুলের হেড্ পণ্ডিত শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ কাব্যতীর্থ মহাশয়কে বিশেষ অনুরোধ করায় তিনি সুবোধিনী নামিকা একটী টীকা করিয়া দিয়াছেন। এজন্য তাঁহার নিকট কৃতজ্ঞতাপাশে বদ্ধ রহিলাম।

অনুবাদ ভিন্ন সকলে সহজে বুঝিতে পারে না; অতএব সাধারণে যাহাতে সহজে বুঝিতে পারে তজ্জন্য সরল বঙ্গানুবাদ ও করা হইয়াছে।

পরিশেষে সদাশয় পাঠকমণ্ডলি সমীপে বিনীতভাবে প্রার্থনা, এইগ্রন্থ সম্বন্ধে যদি কেহ বিশেষ কিছু জানিতে পারেন জানাইয়া বাধিত করিবেন।

যাহার অসাধারণ যত্নে একার্য্য সম্পন্ন হইয়াছে; সেই স্বগ্রামবাসী, সরলমতি শ্রীমচ্চন্দ্র কুমার চক্রবর্ত্তির সুকোমল করকমলে পুস্তক প্রকাশের ভার ন্যস্ত রহিল। ইতি

১২৯৬ সাল।
ভাদ্র।

শ্রীগোবিন্দ প্রসাদ রায়।
নিবাস—দুর্গাপুর।
জিলা—চট্টগ্রাম।

শঙ্করায় নমঃ।

বিদগ্ধ-মুখ-মণ্ডনম্।

যুধিষ্ঠিরস্য যা কন্যা নকুলেন বিবাহিতা।
পূজিতা সহ দেবেন সা কন্যা বরদা ভব ॥ ১ ॥

নত্বা ভবানীশপদারবিন্দং সুবোধিনীং নাম নবাং সুটীকাম্।
ঋজুং প্রযত্নেন চ কাব্যতীর্থঃ শ্রীদ্বারকানাথবটুশ্চকার ॥

যুধীতি। যুধিষ্ঠিরস্য যুধি যুদ্ধে তিষ্ঠতীতি স্থাধাতো রঃ। তস্য পর্ব্বতস্য হিমালয়স্যেত্যর্থঃ। যা কন্যা দুহিতা; নকুলেন ন বিদ্যতে কুলং পিতৃপুরুষ সন্তববংশো যস্য তেন শিবেন বিবাহিতা; দেবেন সহ সর্ব্বৈঃ পূজিতা অর্চ্চিতা সা কন্যা ত্বং মাম্প্রতি ইত্যুহ্যপদেন সহ সম্বন্ধঃ। বরদা ভব। মহ্যং ঈপ্সিতং বরং দেহীত্যর্থঃ ॥ ১ ॥

হে হিমালয় দুহিতে! শিব বিবাহিতে! দেবাদি পূজিতে! দুর্গে! আমাকে অভিলষিত বর প্রদান করুন ॥ ১ ॥

মদমত্তময়ূরস্য গিরের্ম্মাল্যবতস্তটে।
সীতাবিরহিনং রামং মুহুর্ম্মুহুরমোহয়ৎ ॥ ২ ॥

মদেতি। ইঃ কামদেবঃ মদেন হর্ষেণ মত্তঃ বর্ষাকালত্বাদিতি ভাবঃ। স চাসৌ ময়ূরশ্চেতি বিগ্রহঃ তস্য গিরা বাক্যেন মাল্যবতস্তটে মাল্যবান্ নাম কশ্চিৎ পর্ব্বতঃ তস্য প্রান্তে সীতয়া প্রাণপ্রতিময়া জানক্যা বিরহিনং বিয়োগিনং রাবণেনাপহৃতত্বাদিতি রামং মুহুর্মুহুঃ বারং বারং অমোহয়ৎ মূর্চ্ছয়ামাস। গিরা + ইঃ ইতি সন্ধিঃ ॥ ২ ॥

কামদেব আনন্দিত ময়ূরগণের অব্যক্ত মধুরশব্দদ্বারা সীতা-বিরহকাতর রামচন্দ্রকে মাল্যবান পর্ব্বতের উপত্যকা প্রদেশে বার বার মোহিত করিয়াছিল ॥ ২ ॥

সুবর্ণালঙ্কৃতাং কন্যাং হেমেন পরিবর্জ্জিতাম্।
তাং কন্যাং বিধবাং দৃষ্ট্বা গৃহে রোদিতি তৎপতিঃ॥ ৩॥

সুবর্ণেতি। সুবর্ণঃ সুন্দরবর্ণঃ তেন অলঙ্কৃতা যুক্তা যা কন্যা তাং কন্যাং হেমেন স্বর্ণেন পরিবর্জ্জিতাং স্বর্ণালঙ্কারবিরহিতাং বিধবাঞ্চ বিগতং ধবং বস্ত্রং যস্যাঃ তাং বিবস্ত্রাং দরিদ্রত্বাদিতি ভাবঃ। দৃষ্ট্বা অবলোক্য তৎপতিঃ তস্যাঃ কন্যায়াঃ পতির্ভর্ত্তা গৃহে স্বালয়ে রোদিতি ক্রন্দনং করোতি। যতঃ এবম্ভূতাং পরমসুন্দরীং স্ত্রীং প্রাপ্য স্বর্ণালঙ্কারেণ বস্ত্রেণ চ সুসজ্জিতুমশক্ত ইতি॥ ৩॥

দরিদ্রতানিবন্ধন সুশোভনা রমণীকে স্বর্ণালঙ্কার পরিবর্জ্জিতা এবং বিবস্ত্রা দেখিয়া তাহার দরিদ্র পতি গৃহে বসিয়া কাঁদিতেছে॥ ৩॥

হনুমতা হতারামঃ সীতা হর্ষমুপাগতা।
রুদন্তি রাক্ষসাঃ সর্ব্বে হাহারামো হতোহতঃ॥ ৪॥

উপবনরক্ষকঃ রাবণং প্রত্যাহ হনুমতেতি। হনুমতা হনুমান্ নাম কশ্চিৎ রামসেবকো বানরঃ তেন হতারামঃ হতঃ শাখাপল্লবাদিভঙ্গেন বিনাশিতঃ আরামঃ উপবনং "আরামঃ স্যাদুপবনং ইত্যমরঃ" 'হতারাম, ইত্যত্র বিসর্গ-লোপেহপি সন্ধিঃ নঞ্জানির্দ্দিষ্টমনিত্যমিতি ন্যায়াৎ যথা সৈষ দাশরথী রামঃ সৈষ রাজা যুধিষ্ঠির ইতি। এবং সীতা রামপত্নী হর্ষং আনন্দং উপাগতা প্রাপ্তা অতএব সর্ব্বে রাক্ষসাঃ হাহা অতিকষ্টং আরামঃ হতোহতঃ নষ্টোনষ্ট ইতি কৃত্বা রুদন্তি। বিবাদে বিষাদে হর্ষে দ্বিস্ত্রিরুক্তির্ন দুষ্যতি॥ ৪॥

মহারাজ রাবণকে তদীয়, উপবন রক্ষক বলিতেছে। হনুমান উপবন ভঙ্গ করিয়াছে, ইহা শুনিয়া সীতা অতি আহ্লাদিতা হইয়াছেন। রাক্ষস সমস্ত হায়! উপবন নষ্ট হইল নষ্ট হইল বলিয়া রোদন করিতেছে॥ ৪॥

কেশবং পতিতং দৃষ্ট্বা দ্রোণোহর্ষমুপাগতঃ।
রুদন্তি পাণ্ডবাঃ সর্ব্বে হাহা কেশবঃ কেশবঃ॥ ৫॥

তত্র কিমভূদিতি পৃষ্টং প্রতি কশ্চিৎ পথিক আহ; কেশবমিতি। দ্রোণঃ কাকঃ কে জলে শবং মৃতদেহং পতিতং দৃষ্ট্বা "জলশীর্ষ সুখেষু কমিতি মেদিনী"

হর্ষং আনন্দং উপাগতঃ প্রাপ্তঃ। সর্ব্বে পাণ্ডবাঃ শৃগালাঃ হাহা অভিহর্ষে কে জলে শবঃ কে জলে শবং ইতি কৃত্বা রুদন্তি উচ্চৈঃ শব্দং কুর্ব্বন্তি ॥ ৫ ॥

জলে ভাসমান মৃতদেহ দেখিয়া কাক সমস্ত আহ্লাদিত হইয়াছে। এবং শৃগাল সমূহ অত্যন্ত পুলকিত হইয়া জলে মৃতদেহ জলে মৃতদেহ বলিয়া উচ্চরব করিতেছে ॥ ৫ ॥

বিরাজরাজপুত্রারের্যন্নাম চতুরক্ষরম্।
পূর্ব্বার্দ্ধং তব শত্রূণাং পরার্দ্ধং তব বেশ্মনি ॥ ৬ ॥

কশ্চিদ্রাজানং প্রতি কবিরাহ, বিরাজেতি। বিঃ পক্ষী তস্য রাজা গরুড়ঃ তস্য রাজা আরোহণত্বেন স্বামী শ্রীকৃষ্ণঃ তস্য পুত্রঃ কামদেবঃ তস্য অরিঃ কোপানলেন ভস্মকারিত্বাচ্ছত্রুঃ শিবঃ তস্য যৎ চতুরক্ষরং নাম তস্য নাম্নঃ পূর্ব্বার্দ্ধং তব শত্রূণাং বেশ্মনি গৃহে এবং পরার্দ্ধং তব বেশ্মনি তিষ্ঠতু। মৃত্যুঞ্জয় ইত্যুত্তরম্। পূর্ব্বার্দ্ধং মৃত্যুং শত্রুগৃহে এবং পরার্দ্ধং জয়ঃ তব গৃহে তিষ্ঠতু। ভবতঃ শত্রুঃ নাশং যাতু ভবান্ জয়ী ভবতু ইত্যাশীর্ব্বাদঃ ॥ ৬ ॥

কোন একজন পণ্ডিত, মহারাজকে আশীর্ব্বাদ করিতেছেন। পক্ষিরাজ গরুড়োপরি বিরাজিত যে শ্রীকৃষ্ণ, তাঁহার পুত্র কামদেবের শত্রু যে শিব, তাঁহার চারি অক্ষরবিশিষ্ট যে মৃত্যুঞ্জয় নাম, সেই নামের পূর্ব্বার্দ্ধ (মৃত্যু) আপনার শত্রুগণের গৃহে থাকুক আর অপরার্দ্ধ (জয়) আপনার গৃহে বিরাজ করুক ॥ ৬ ॥

দেবরাজো ময়া দৃষ্টো বারিবারণমস্তকে।
খাদয়ত্যর্ঘ্যপত্রাণি অহঞ্চ বনহস্তিনী ॥ ৭ ॥

কাচিৎ রমণী দেবরং প্রত্যাহ, দেবরেতি। হে দেবর! ময়া বারিবারণ মস্তকে পুষ্করিণীতীরোপরি অজঃ ছাগঃ দৃষ্টঃ। স কিং করোতি ইত্যাহ অর্ঘ্যপত্রাণি 'অর্ঘ্যং অর্হতীতি যৎ' পূজার্হং দ্রব্যং দূর্ব্বা ইতি প্রসিদ্ধিঃ তেষাং পত্রাণি খাদয়তি ভক্ষয়তি। কথন্ত্বয়া নানীতং ইত্যাহ অহং বনহস্তিনী বনং জলং হস্তেঽস্যাঃ অস্তীতি সা জলপাত্রধারিণী অভূবং অতঃ আনয়িতুং ন ক্ষমা ॥ ৭ ॥

হে দেবর! আপনি আর চিন্তা করিবেন না, আপনার ছাগকে আমি পুষ্করিণীর পাড়ে দুর্ব্বাঘাস খাইতেছে দেখিয়া আসিয়াছি। আমার হাতে জলপাত্র থাকায় আনিতে পারি নাই ॥ ৭ ॥

কান্তয়া কান্তসংযোগে কিমকারি নবোঢ়য়া।
অত্রাপি চ ক্রিয়া গুপ্তা বুধৈরপি ন বুধ্যতে ॥ ৮ ॥

কান্তয়েতি। নবোঢ়য়া নববিবাহিতয়া কান্তয়া কান্তেন স্বামিনা সহসংযোগে পতিসঙ্গমে ইত্যর্থঃ কিমকারি কিং কৃতম্? অত্র শ্লোকে ক্রিয়া প্রশ্নোত্তরক্রিয়া গুপ্তা গুপ্তাবস্থিতা সা ক্রিয়া বুধৈঃ পণ্ডিতৈরপি ন বুধ্যতে ন জ্ঞায়তে বস্তুতঃ "অত্রাপি" লজ্জা অকারি ইত্যুত্তরম্। ত্রপূষ লজ্জায়ামিতি ত্রপধাতোর্ভাবে লুঙ্ ॥ ৮ ॥

নববিবাহিতা যুবতী, নবযুবক প্রাণপতি সমীপে উপনীত হইয়া কি করিয়া থাকে? এই শ্লোকে তাহার উত্তর গুপ্তভাবে অবস্থিত আছে, যাহা পণ্ডিতেরাও সহজে বুঝিতে পারেন না অর্থাৎ (অত্রাপি) লজ্জা করিয়া থাকে ॥ ৮ ॥

বিষং ভুঙ্ক্ষ্ব মহারাজ চামাত্যৈর্ব্বান্ধবৈঃ সহ।
বিনা কেন বিনা নাভ্যাং কৃষ্ণাজিনমকণ্টকম্ ॥ ৯ ॥

রাজশুভাকাঙ্ক্ষী কশ্চিজ্জনো রাজানং প্রত্যাহবিষমিতি। হে মহারাজ! অমাত্যৈর্ম্মন্ত্রিভির্ব্বান্ধবৈশ্চ সহ কৃষ্ণাজিনং অকণ্টকং শত্রুভয়াদিশূন্যং যথা স্যাত্তথা ভুঙ্ক্ষ্ব। কীদৃশং কৃষ্ণাজিনমিত্যাহ কেনেতি কেন ককারেণ বিনা নাভ্যাং নকারদ্বয়েন বিনা চ 'পৃথগ্‌বিনা নানাভিরিতি' তৃতীয়া। বিষং বিগতঃ ষকারো যত্র স তং রাজ্যমিত্যর্থঃ। কৃষ্ণাজিনশব্দস্য ককারস্য নকারদ্বয়স্য ষকারস্যাভাবে ঋ+আজি+অম্ ইতি স্থিতে সন্ধৌ রাজ্যমিত্যায়াতম্ ॥ ৯ ॥

কোন এক মহারাজকে কোন একজন মঙ্গলার্থী ছলক্রমে স্বরাজ্য নিষ্কণ্টকে ভোগ করিতে বলিতেছেন। হে মহারাজ! আপনি ককার নকারদ্বয় ও ষকার পরিত্যাগ পূর্ব্বক অমাত্য ও বান্ধব সহ নিষ্কণ্টকে "কৃষ্ণাজিন"

ভোগ করুন। অর্থাৎ কৃষ্ণাজিন শব্দ হইতে উপরোক্ত বর্ণগুলি পরিত্যাগ করিলে খ+আজি+অ মাত্র অবশিষ্ট থাকে। সন্ধি করিয়া লইলেই রাজ্য এই অভিপ্রেত পদ হয় ॥ ৯ ॥

গোমাংশং পতিতং দৃষ্ট্বা খণ্ডখণ্ডং মহীতলে।
শিবাঃ কাকা ন গৃহ্নন্তি গৃহ্নন্তি পণ্ডিতা জনাঃ ॥ ১০ ॥

পণ্ডিতং প্রতি কস্যচিদ্ব্যঙ্গোক্তিরিয়ম্ ; গোমাংশমিতি। মহীতলে ভূমিতলে খণ্ডখণ্ডং পতিতং গোমাংশং গোমস্য পর্ব্বতস্য অংশঃ ভাগঃ তং শালগ্রামং দৃষ্ট্বা শিবাঃ শৃগালাঃ কাকাঃ বায়সাঃ ন গৃহ্নন্তি অপিতু পণ্ডিতাঃ জনাঃ গৃহ্নন্তি ॥১০॥

ভূমিতে খণ্ড খণ্ড গোমাংশ সকল পতিত দেখিয়াও শৃগাল এবং কাক সমূহে গ্রহণ করিতেছে না ; কিন্তু পণ্ডিতেরা আগ্রহ সহকারে গ্রহণ করিতেছেন। এই স্থলে গোমাংশ শব্দের অর্থ শালগ্রাম ॥ ১০ ॥

ভোজন কৌ তর বাচা নিত্যং হরিনামাংশকভাজা সত্যম্।
ভাতে ব্যঞ্জনমানাকেশে শেষে দুগ্ধোদধিশন্দেশে ॥ ১১ ॥

ভোজনেতি। ভো জন! কৌ পৃথিব্যাং হরিনামাংশকভাজাহরিনামযুতয়া বাচা বাক্যেন নিত্যং নিত্যময়ং সত্যং সনাতনং ভাতে শোভিতে আনাকেশে সকলস্বর্গশেখরীভূতে দেশে বৈকুণ্ঠদেশে ব্যঞ্জনং বিখ্যাতং স্থিতমিতি যাবৎ দুগ্ধোদধিশং দুগ্ধোদধৌ ক্ষীরসমুদ্রে শেতে যঃ তং হরিং শেষে অন্তকালে তর ভজ ইত্যর্থঃ ॥ ১১ ॥

হে জনগণ! এই পৃথিবীতে থাকিয়া হরিনামামৃতময় বাক্য দ্বারা অন্তকালে নিত্যময় বৈকুণ্ঠদেশস্থ ক্ষীরসমুদ্রশায়ী হরিকে ভজনা কর ॥ ১১ ॥

ভবানিশঙ্করোমেশং প্রতি পূজাপরায়ণঃ।
কর্ত্তৃ গুপ্তং ক্রিয়া গুপ্তা গুপ্তমামন্ত্রিতং পদম্ ॥ ১২ ॥

ভবানীতি। হে কর! ত্বং অনিশং নিরন্তরং উমেশং শিবং প্রতি পূজাপরায়ণঃ ভব শিবপূজা তৎপরো ভব ইত্যর্থঃ। অত্র গুপ্তং কর্ত্তৃপদং ত্বমিতি। গুপ্তা ক্রিয়া ভব ইতি। গুপ্তং আমন্ত্রিতং পদং হে কর ইতি ॥ ১২ ॥

হে কর! তুমি সর্ব্বদা উমেশের প্রতি পূজাপরায়ণ হও এই শ্লোকে তুমি

(ত্বং) এই কর্তৃপদ, হও (ভব) এই ক্রিয়াপদ এবং কয় এই সম্বোধ্যপদ গুপ্তাবস্থিত আছে ॥ ১২ ॥

মোমারামমকাদদ্বে হয়াগদলমন্তষাঃ।
এতে যস্য ন বিদ্যন্তে তস্য দাসো ভবাম্যহম্ ॥ ১৩ ॥

মো ইতি। অত্র শ্লোকপূর্ব্বার্দ্ধে পূর্ব্বচরণীয়াক্ষরাণাং দ্বিতীয়চরণীয়াক্ষরৈঃ সহ যথাসংখ্যমেলনং—তথা হি, মোহঃ চিত্তবিভ্রমঃ। মায়া আত্মীয়েষু আসক্তিঃ। রাগঃ ক্রোধঃ। মদঃ মত্ততা। মলং অপবিত্রতা। কামঃ কন্দর্প-বিকারঃ স্ত্রীসঙ্গমাভিলাষঃ ইতি যাবৎ। দম্ভো দর্পঃ। দ্বেষঃ হিংসা পরাপকারেচ্ছা ইত্যর্থঃ। এতে যস্য জনস্য ন বিদ্যন্তে অহং তস্য দাসঃ কিঙ্করো ভবামি ॥ ১৩ ॥

এই শ্লোকের প্রথম ও দ্বিতীয় চরণে যথাক্রমে মিলাইয়া লইলে মোহ, মায়া, রাগ, মদ, মল, কাম, দম্ভ ও দ্বেষ হইয়া থাকে। কোন একজন কবি বলিয়াছেন, যাঁহার নিকট এইগুলি নাই, আমি তাঁহার দাস হইব। (এমন ব্যক্তি জগৎ পূজ্য সন্দেহ নাই, সুতরাং তাঁহার দাসত্ব স্বীকার করা বক্তার অযুক্ত উক্তি হয় নাই) ॥ ১৩ ॥

বটবৃক্ষো ময়া দৃষ্টো বারিবারণমস্তকে।
তাবত্তত্র ন গচ্ছামি যাবৎ সোঽপি ন গচ্ছতি ॥ ১৪ ॥

কশ্চিদ্ভীরুঃ দ্বিজং প্রত্যাহ বটেতি। হে বটো! ব্রাহ্মণ! বারিবারণমস্তকে পুষ্করিণীতীরোপরি ময়া ঋক্ষঃ ভল্লুকো দৃষ্টঃ "ঋক্ষশ্চ ভল্লা ভল্লুকা ইত্যমরঃ" অতোঽহং তাবৎ তত্র স্থানে ন গচ্ছামি যাবৎ সঃ ভল্লুকঃ ন গচ্ছতি স্থানান্তরমিতি শেষঃ। বটো+ঋক্ষ ইতি সন্ধিঃ ॥ ১৪ ॥

হে দ্বিজবর! আমি পুষ্করিণী তীরে একটী ভল্লুক দেখিয়া আসিয়াছি, অতএব যে পর্য্যন্ত সেই ভল্লুক চলিয়া না যায়, সে পর্য্যন্ত আমি তথায় যাইব না ॥ ১৪ ॥

স্নানং কর্ত্তুং গতা নার্য্যঃ একো না বিংশতিস্ত্রিয়ঃ।
নক্রেণ খাদিতোঽপ্যেকো বিংশতির্গৃহমাগতাঃ ॥ ১৫ ॥

স্নানমিতি। একো না একসংখ্যকঃ পুরুষঃ নৃশব্দাৎ সৌ কৃতে না ইতি। বিংশতিস্ত্রিয়ঃ রমণ্যঃ স্নানং কর্ত্তুং স্নানায় গতাঃ নদীমিতি শেষঃ। নক্রেণ কুম্ভীরেণ একঃ (পুরুষ ইতি) খাদিতঃ ভক্ষিতঃ বিংশতিঃ নার্য্যঃ গৃহং আগতাঃ প্রাপ্তাঃ ॥ ১৫ ॥

এক জন পুরুষ ও বিশ জন স্ত্রী, নদীতে স্নান করিতে গিয়াছিল ; দৈবাৎ ঐ পুরুষটীকে কুম্ভীরে খাইয়াছিল এবং অবশিষ্ট বিশজন স্ত্রী গৃহে ফিরিয়া আসিয়াছিল ॥ ১৫ ॥

কো বৈ দগ্ধ স্ত্রিপুরজয়িনা কশ্চ কর্ণস্য হন্তা
নদ্যাঃ কূলং বিঘটয়তি কঃ কঃ পরস্ত্রীরতশ্চ।
কঃ সন্নদ্ধো ভবতি সমরে ভূষণং কিং কুচানাম্
কিংবা দুঃখং ভবতি মহতাং মানপূজাপহারঃ ॥ ১৬ ॥

কবিতি। অত্র শ্লোকস্থিতানাং প্রশ্নসমূহানামুত্তরং যথাক্রমে শ্লোকচতুর্থ-চরণপরার্দ্ধে জ্ঞেয়ম্। ত্রিপুরং ত্রিপুরনামানং অসুরং জিনাতীতি তেন ত্রিপুর-জয়িনা শিবেন কো বৈ দগ্ধঃ বৈ পাদপূরণে ভস্মীকৃতঃ ? মারঃ মদনঃ "মদনো মন্মথো মারঃ ইত্যমরঃ"। কর্ণস্য হন্তা কঃ ? নরঃ অর্জ্জুনঃ "নরো জে মনুজে-হর্জ্জুনে ইতি মেদিনী"। কঃ নদ্যাঃ কূলং তীরং বিঘটয়তি ? পুরঃ নগরঃ। কঃ পরস্ত্রী রতঃ ? জারঃ উপপতিঃ "জারস্তূপপতিঃ স্মৃতঃ ইতি যাদবঃ"। সমরে যুদ্ধে কঃ সন্নদ্ধঃ কবচী ভবতি ? পরঃ শত্রুঃ "কবচঃ সন্নহে পটহে চেতি মেদিনী"। কুচানাং স্তনানাং ভূষণং কিম্ ? হারঃ। মহতাং সাধূনাং কিংবা দুঃখং ভবতি ? মানপূজাপহারঃ মানং সম্মানং পূজা অর্চ্চনা তয়োরপহারঃ অভাবঃ দুঃখমিতি ভাবঃ ॥ ১৬ ॥

এই শ্লোকের চতুর্থচরণ পরার্দ্ধে 'মান পূজাপহার' উত্তর জানিবে। যথা—ত্রিপুর বিজয়ী মহাদেব কর্তৃক কে দগ্ধ হইয়াছে ? মার (কামদেব)। কর্ণকে কে বধ করিয়াছে ? নর (অর্জ্জুন)। নদীর কূল বিঘটন করে কে ? পুর (নগর)। পর স্ত্রীতে রত কে ? জার (উপপতি)। যুদ্ধে কে কবচ ধারণ পূর্ব্বক প্রতিকূলাচরণ করিয়া থাকে ? পর (শত্রু)। যুবতী স্ত্রীদিগের স্তনের ভূষণ কি ? হার। এবং মহৎ ব্যক্তিদিগের দুঃখ কি ? মান এবং পূজাভাব

অর্থাৎ যথোপযুক্ত সম্মান ও অভ্যর্থনা না করিলে মহৎ ব্যক্তিগণের অত্যন্ত দুঃখবোধ হইয়া থাকে ॥ ১৬ ॥

হরিণী যস্য গর্ভস্য তস্য গর্ভস্য যো রিপুঃ।
রিপুগর্ভস্য যা কন্যা সা কন্যা বরদা ভব ॥ ১৭ ॥

হরিণীতি। হরিণঃ মৃগঃ অস্য অস্তীতি হরিণী মৃগাঙ্কঃ চন্দ্র ইতি যাবৎ যস্য গর্ভস্য উৎপত্তিস্থানস্য সমুদ্রস্যেতি শেষঃ তস্য সমুদ্রস্য যো রিপুঃ শক্রঃ পর্ব্বত ইতি। রিপুশ্চাসৌ গর্ভশ্চেতি রিপুগর্ভস্তস্য হিমালয়স্য যা কন্যা সা কন্যা ত্বং মাম্প্রতি ইতি উহ্যপদেন সম্বন্ধঃ। বরদা ভব। পর্ব্বতশব্দেন হিমালয় এব জ্ঞাতব্যঃ শ্রেষ্ঠত্বাৎ ॥ ১৭ ॥

হে পর্ব্বত দুহিতে ভগবতি! আমাকে ঈপ্সিত বর প্রদান করুন। (হরিণীর অর্থাৎ চন্দ্রের উৎপত্তি স্থান সমুদ্র তাহার শক্র পর্ব্বত তৎকন্যা) ॥ ১৭ ॥

অম্বুজসম্ভবসম্ভবজাতা দানববৈরিজবৈরিজমাতা।
বাসববাহনশাত্রবপত্রা ত্বামিহ পাতু হতাসুরগোত্রা ॥১৮॥

রাজানং প্রত্যাশীর্ব্বাদমাহ অম্বুজেতি। অম্বু জলং তত্র জাতং অম্বুজং পদ্মং তস্য সম্ভবঃ উৎপত্তিস্থানং নদী তস্যাঃ সম্ভবঃ উৎপত্তিকারণং পর্ব্বতঃ হিমালয় ইতি যাবৎ। তস্মাজ্জাতা পার্ব্বতীত্যর্থঃ। দানবানাং অসুরাণাং বৈরী শক্রঃ বিষ্ণুস্তস্মাজ্জায়তে ইতি বৈরিজঃ কামদেবঃ তস্য বৈরী শিবস্তস্মাজ্জায়তে ইতি বৈরিজঃ কার্ত্তিকেয়ঃ তস্য মাতা। বাসবঃ ইন্দ্রঃ তস্য বাহনং গজঃ তস্য শাত্রবঃ শক্রঃ সিংহঃ "শত্রবো বৈরীতি মেদিনী" স এব পত্রং বাহনং যস্যাঃ সা সিংহবাহিনীত্যর্থঃ "পত্রং বাহনপক্ষয়োরিত্যমরঃ"। হতং বিনাশিতং অসুরগোত্রং দানবকুলং যয়া সা দানবকুলনাশিনীতি। ইহ জগতি ত্বাং পাতু-রক্ষতু ॥ ১৮ ॥

পর্ব্বত দুহিতা, কার্ত্তিকেয় জননী, সিংহবাহিনী, দানবকুলবিনাশিনী দুর্গা এই বিপদসঙ্কুল পৃথিবীতে আপনাকে রক্ষা করুন্ ॥ ১৮ ॥

গোপীভিঃ সহ চাষ্টাভি র্গোবিন্দো যমুনা জলে।
অত্র ক্রিয়াপদং গুপ্তং জ্ঞায়তে চ ন কৈরপি॥ ১৯॥

গোপীভিরীতি। গাং বিন্দতীতি গোবিন্দঃ কৃষ্ণঃ আভিঃ গোপিভিঃ সহ, যমুনা জলে আষ্ট গতঃ "অশূব্যাপ্তৌ অশধাতোলঙ্"। অত্র শ্লোকে 'আষ্ট, ইতি ক্রিয়াপদং গুপ্তং যৎকৈরপিজনৈর্নজ্ঞায়তে॥ ১৯॥

গোপীগণের সহিত গোবিন্দ যমুনা জলে গিয়াছিল। এই শ্লোকে (আষ্ট) গিয়াছিল এই ক্রিয়াপদ গুপ্তভাবে অবস্থিত রহিয়াছে; যাহা কেহই সহজে বুঝিতে পারে না॥ ১৯॥

আদ্যন্তাভ্যাং ভবেদ্ধস্তী মধ্যদ্বাভ্যাঞ্চ দানবঃ।
বিপরীতে পিতৃপতিঃ সমুদয়ে বরাঙ্গনা॥ ২০॥

আদ্যেতি। আদ্যন্তাভ্যাং আদিশ্চ অন্তশ্চ আদ্যন্তৌ তাভ্যাং বর্ণাভ্যাং হস্তীত্যর্থোভবেৎ। মধ্যদ্বাভ্যাং বর্ণাভ্যাং দানবো ভবেৎ। বিপরীতে মধ্য-বর্ণয়োর্দ্বয়োর্ব্বিপরীতে পিতৃপতির্ভবেৎ। সমুদয়ে সকলে বর্ণে মিলিতে সতি বরাঙ্গনা দিব্যাস্ত্রী ভবেৎ। তৎ কিং নাম স্থিরীক্রিয়তাং উত্তরেতু দময়ন্তীতি। যথাক্রমে দন্তী "দন্তীদন্তাবলো হস্তীতামরঃ"। ময়ঃদানব ইতি। যমঃ পিতৃপতিঃ। দময়ন্তী তন্নাম্নী প্রসিদ্ধাস্ত্রী নলবনিতেতি যাবৎ॥ ২০॥

এমন একটী নাম বাছিয়া লও যাহার আদ্যন্ত বর্ণদ্বয়ের দ্বারা হস্তীকে বুঝায় এবং মধ্যবর্ণ দ্বয়ের দ্বারা দানব ও সেই মধ্যবর্ণদ্বয়ের বিপরীতে যমকে বুঝায় অথচ সমস্ত বর্ণ গুলি দ্বারা একজন সুন্দরী স্ত্রী প্রতীতি হয়। দময়ন্তীই উত্তর। যথা আদিও অন্তবর্ণে দন্তী (হস্তী)। মধ্যবর্ণদ্বয়ে ময় (দানব)। বিপ-রীতে যম এবং সমস্তবর্ণ গুলিতে দময়ন্তী নাম্নী প্রসিদ্ধা সুন্দরী (নলের স্ত্রী)॥ ২০॥

কিং ভূষণং বীরবরাঙ্গনানাম্
কা দুঃখিনী ভূমিতলেঽবলাসু।

কান্তে লিপিঃ কিং চরিতং বিরুদ্ধম্
সিন্দুরবিন্দুর্ব্বিধবা ললাটে ॥ ২১ ॥

কিমিতি। অস্মিন্ শ্লোকে প্রশ্নোত্তরৌ জ্ঞাতব্যৌ। প্রথম দ্বিতীয় তৃতীয় পাদস্থিতানাং প্রশ্নানামুত্তরশ্চতুর্থপাদে দ্রষ্টব্যঃ। বীরবরাঙ্গনানাং শ্রেষ্ঠাঙ্গনানাং পরমসুন্দরীণামিত্যর্থঃ ভূষণং অলঙ্কারঃ কিম্? সিন্দুরবিন্দুঃ। ভূমিতলে পৃথিব্যাং অবলাসু স্ত্রীষু মধ্যে কা দুঃখিনী? বিধবা। লিপিঃ বিধিলিপিঃ ক কুত্রাস্তে? ললাটে। বিরুদ্ধং আচার বিপরীতঃ চরিতং কিম্? সিন্দুরবিন্দুর্বিধবাললাটে বিধবা ললাটে সিন্দুরবিন্দুদানং বিরুদ্ধাচারঃ ইতি ॥ ২১ ॥

এই শ্লোকের চতুর্থ চরণ (সিন্দুরবিন্দুর্ব্বিধবা ললাটে) শ্লোক স্থিত প্রশ্ন সমূহের উত্তর। যথা—সুন্দরী রমণীগণের প্রধানভূষণ কি? সিন্দুরবিন্দু। এই পৃথিবীতে স্ত্রীদিগের মধ্যে দুঃখিনী কে? বিধবা—যে হেতুক স্বামীই স্ত্রীগণের একমাত্র সুখের মূল। বিধাতা জীবের সুখদুঃখ কোথায় লিখিয়াছেন? ললাটে। বিরুদ্ধব্যবহার কি? সিন্দুরবিন্দুর্ব্বিধবাললাটে—বিধবার কপালে সিন্দুর দেওয়া প্রথা নাই সুতরাং বিধবার কপালে সিন্দুর, ব্যবহার বিরুদ্ধ ॥ ২১ ॥

আপূর্ব্বঃ সর্ব্বজন্তূনাং বিপূর্ব্বো মহতামপি।
প্রপূর্ব্বঃ স্বাপরাধীনাং কেবলং যুবতিপ্রিয়ঃ ॥ ২২ ॥

আপূর্ব্বেতি। অত্র "হার" ইত্যুত্তরঃ। আপূর্ব্বশ্চেৎ সর্ব্ব জন্তূনাং প্রিয়ো ভবতি আহার ইত্যর্থঃ। এবং বিপূর্ব্বশ্চেৎ মহতাং শ্রেষ্ঠানা মপি প্রিয়োভবতি বিহার ইত্যর্থঃ। প্রপূর্ব্বশ্চেৎ স্বাপরাধীনাং অপরাধকারিণাং প্রিয়ঃ যুক্তঃ প্রহার ইত্যর্থঃ। কেবলং উপপদং বিনা যুবতীনাং প্রিয়ঃ প্রিয়কর-হার ইত্যর্থঃ। তথাচ দণ্ডী "বিনা খদিরসারেণ হারেণ হরিণীদৃশাং নাধরে জায়তে রাগো নানুরাগঃ পয়োধরে" ইতি ॥ ২২ ॥

এমন একটী শব্দ স্থির করিতে হইবে যাহার পূর্ব্বে 'আ' যোগ করিলে

সকল প্রাণীরই প্রিয় হয়। এবং 'বি' যোগ করিলে রাজাদিগেরও আনন্দ জনক হয়। 'প্র' যোগ করিলে অপরাধিগণের উপযুক্ত ও উপসর্গ ভিন্ন কেবল শব্দটী রমণীগণের অত্যন্ত প্রিয়জনক হয়। 'হার' শব্দই উত্তর ॥ ২২ ॥

কা লোকমাতা কিমুদেহমাদ্যম্
রতৌ কিমাদ্যং কুরুতে মনুষ্যঃ।
কশ্চন্দ্রধারী বদতু ক্রমেণ
গৌরীমুখং চুম্বতি শূলপাণিঃ॥ ২৩ ॥

কালোকেতি। প্রশ্নসমূহানামুত্তরং চতুর্থ চরণে দ্রষ্টব্যম্। লোকস্য জনস্য মাতা কা? "লোকস্তুভুবনে জনে" ইত্যমরঃ। আদ্যং দেহং কিমু কিম্? মনুষ্যঃ রতৌ সুরত প্রসঙ্গে আদ্যং প্রথমে কিং কুরুতে? চন্দ্রধারী কঃ? হে পণ্ডিত! ক্রমেণ উত্তরং বদতু। উত্তরং যথা (১) গৌরী (২) মুখং (৩) চুম্বতি (৪) শূলপাণিরিতি ॥ ২৩ ॥

এই শ্লোকের চতুর্থ চরণ "গৌরীমুখং চুম্বতিশূলপাণি" ইহাই যথাক্রমে প্রশ্ন সমূহের উত্তর। যথা লোক মাতাকে? গৌরী। দেহের আদ্যকি? মুখ। মনুষ্য রতি প্রারম্ভে কি করিয়া থাকে? (চুম্বতি) চুম্বন করিয়া থাকে। চন্দ্রকে ধারণ করিয়াছে কে? শূলপাণি ॥ ২৩ ॥

রামচন্দ্র স্য বিশিখৈ র্ঘোরং রাবণমাহবে।
অত্র ক্রিয়া পদং গুপ্তং বুধৈরপি ন বুধ্যতে॥ ২৪ ॥

অন্তরীক্ষেস্থিতা দেবগণা রামংপ্রতি ইদমাহুঃ রামচন্দ্রস্যেতি। হে রামচন্দ্র! বিশিখৈ বাণৈঃ আহবে আহুয়ন্তে যুদ্ধার্থং শত্রবো যত্র তস্মিন্ যুদ্ধে ঘোরং ভয়ানকং রাবণং লঙ্কেশং স্য সংহর ত্বমিতি শেষঃ। অত্র শ্লোকে 'স্য' ইতি ক্রিয়াপদং গুপ্তং যৎ বুধৈরপি ন বুধ্যতে শীঘ্রমিতি ভাবঃ। ষোহন্ত-কর্ম্মণি সো ধাতো র্লোট্ ॥ ২৪ ॥

হে রামচন্দ্র! শর সন্ধান পূর্ব্বক উপস্থিত সংগ্রামে দুর্দ্দান্ত রাবণকে বধ-

কর। এই শ্লোকে (স্তু) বধকর এই ক্রিয়াপদই গুপ্ত ভাবে আছে যাহা পণ্ডিতেরাও সহজে বুঝিতে পারেন না ॥ ২৪ ॥

রবেঃ কবেঃ কিং সমরস্য সারঃ
কৃষে র্ভয়ং কিং কিমদন্তি ভৃঙ্গাঃ।
কেষাং ভয়ং বিষ্ণুপদঞ্চ কেষাম্
ভাগীরথী তীর সমাশ্রিতানাম্ ॥ ২৫ ॥

রবেরিতি। অত্র শ্লোকচতুর্থচরণে উত্তরং জ্ঞেয়ম্। রবেঃ সূর্য্যস্য সারঃ কিম্? ভা দীপ্তিঃ। কবেঃ পণ্ডিতস্য সারঃ কিম্? গীঃ বাণী তথাচামরঃ "গির্ব্বাক্ বাণী সরস্বতী"। সমরস্য যুদ্ধস্য সারঃ কিম্? রথী যোদ্ধা। কৃষে র্ভয়ং কিম্? ইতিঃ অনাবৃষ্ট্যাদয়ঃ তথাচ "অতিবৃষ্টিরনাবৃষ্টি মূষিকাঃ শলভাঃ শুকাঃ প্রত্যাসন্নশ্চ রাজানং ষড়েতা ইতয়ঃ স্মৃতাঃ।" ভৃঙ্গাঃ কিং অদন্তি খাদন্তি? রসং মধু। কেষাং জনানাং বিষ্ণুপদং লভ্যমিতি ভাবঃ? ভাগীরথীতীরসমাশ্রিতানাং গঙ্গাতীরপ্রবাসিনামিত্যর্থঃ। ভা×গীঃ×রথী×ইতিঃ×রসং×আশ্রিতানাম্ ॥ ২৫ ॥

এই শ্লোক স্থিত প্রশ্ন সমূহের উত্তর চতুর্থ চরণ "ভাগীরথীতীর সমাশ্রিতানাম্" এই বাক্যে রহিয়াছে। যথা রবির সার কি? ভা (দীপ্তি)। কবির সার কি? গীঃ (বাক্য)। যুদ্ধের সার কি? রথী। কৃষির ভয় কি? ইতি (অতিবৃষ্টি ইত্যাদি)। ভৃঙ্গগণ কি খাইয়া থাকে? রস (মধু)। সর্ব্বদাভয়কার? আশ্রিত বৃত্তি বর্গের। বিষ্ণুপদ প্রাপ্তি হয় কার? ভাগীরথী তীরে অবস্থান কারিদিগের ॥ ২৫ ॥

ক হরিঃ শেতে কা চ নিকৃষ্টা কো বহুলার্থঃ কিং রমণীয়ম্।
বদ কাতন্ত্রে ঈদৃক্ সূত্রং শেষে সেবা বা পররূপম্ ॥ ২৬ ॥

কেতি। কলাপ বৈয়াকরণ পণ্ডিতয়োঃ প্রশ্নোত্তরম্। হরিঃ ক কুত্র শেতে? নিকৃষ্টা কা? বহুন্ অর্থান্ লাতি দদাতীতি বহুলার্থঃ কঃ? রমণীয়ং মনোজ্ঞং

কিং ? কাতন্ত্রে কলাপব্যাকরণে ঈদৃক্ এতাদৃশঃ প্রশ্নানামুত্তরগর্ভং সূত্রমস্তি-চেৎবদ। প্রথম পণ্ডিতস্য প্রশ্নানন্তরং দ্বিতীয় উত্তরমাহ। "শেষে সেবা বা পররূপম্।" হরিঃ শেষে অনন্তে শেতে। সেবা নিকৃষ্টা। বহুলার্থো বা। পররূপং রমণীয়মিতি ॥ ২৬ ॥

কলাপ ব্যাকরণবিৎপণ্ডিতদ্বয়ের প্রশ্ন ও উত্তর। হরি কোথায় শয়ন করে ? নিকৃষ্টাবৃত্তি কি ? বহুলার্থ কি ? রমণীয় কি ? যদি কলাপ ব্যাকরণে এই প্রশ্ন সমূহের উত্তরানুযায়ী সূত্র থাকে তবে বলুন। দ্বিতীয় উত্তর করিলেন "শেষে সেবা বা পররূপম্।" অর্থাৎ প্রথম উত্তর শেষে অনন্তনাগে। দ্বিতীয় সেবা। তৃতীয় বা। চতুর্থ পররূপ। (সন্ধিবৃত্তির ৫ ম প্রকরণ দেখ) ॥ ২৬ ॥

পাকক্রিয়া পরিশ্রান্তা ভীমসেনস্য কামিনী।
স্তনাৎ বাসঃ পরিত্যজ্য বধূঃ শ্বশুরমিচ্ছতি ॥ ২৭ ॥

পাকেতি। পাকক্রিয়য়া পরিশ্রান্তা শ্রমবিশিষ্টা বধূঃ পবনপুত্রবধূঃ ভীমপত্নী স্তনাৎ বাসো বস্ত্রং পরিত্যজ্য শ্বশুরং পবনং ইচ্ছতি শ্রমোপশান্তয়ে ন তু শৃঙ্গার সুখ সম্ভোগার্থং ব্যবহার বিরুদ্ধত্বাৎ ॥ ২৭ ॥

পাক করণান্তর উত্তাপ সন্তপ্তা পবন পুত্রবধূ ভীমের স্ত্রী স্তনবস্ত্র পরিত্যাগ পূর্ব্বক শ্বশুর পবনকে সেবন করিতে ইচ্ছা করিতেছে। (বিরুদ্ধ ভাবাপন্ন হইলেও তাৎপর্য্য বশতঃ শ্রমশান্তি জন্যই বুঝিতে হইবে) ॥ ২৭ ॥

পত্যৌ মৃতে কিং কুরুতে চ নারী
যাত্রা চ নষ্টা কিল কেন বাভবেৎ।
কিংবা বধূনাং স্তনয়োঃ সুরাজতে
হারোঽক্ষরং পশ্য মুদা দ্বয়ং বুধ ॥ ২৮ ॥

পত্যাবিতি। নারী পত্যৌ স্বামিনি মৃতে সতি কিং কুরুতে ? কিল নিশ্চিতং কেনবা যাত্রা নষ্টা ভবেৎ। বধূনাং যুবতীনাং স্তনয়োঃ কিং সুরাজতে

শোভতে? উত্তর মাহ হে বুধ! মৃতা হর্ষেণ হার ইতি অক্ষর দ্বয়ং পঠ্যং॥ অর্থাৎ পত্যৌ মৃতে নারী হাহা কুরুতে। রঃ (তিষ্ঠ) ইতি শব্দেন যাত্রা নষ্টাভবেৎ বাধাপ্রদানাৎ। বধূনাং স্তনয়োঃ হারঃ শোভতে॥ ২৮॥

পতি মরিলে স্ত্রী কি করিয়া থাকে? কিসের দ্বারা যাত্রা ভঙ্গ হয়? নারী-গণের স্তনদ্বয়ে কি সমধিক শোভা পায়? হে পণ্ডিতবর! এই প্রশ্ন ত্রয়ের উত্তর হার এই অক্ষর দ্বয় হর্ষভরে বিবেচনা করিয়া দেখুন। প্রথম উত্তর হা অর্থাৎ হাহা শব্দে রোদন করিয়া থাকে। দ্বিতীয় উত্তর র (থাম)। তৃতীয় উত্তর হার॥ ২৮॥

পাণ্ডবানাং সভামধ্যে দুর্যোধন উপাগতঃ।
তস্মৈ বিত্তং সুবর্ণঞ্চ ক্রিয়া গুপ্তা ন বুধ্যতে॥ ২৯॥

পাণ্ডবানামিতি। পাণ্ডবানাং সভামধ্যে যঃ অধনঃ উপাগতঃ উপস্থিতঃ তস্মৈ বিত্তং সুবর্ণঞ্চ অদুঃ অত্র শ্লোকে 'অদুঃ' ক্রিয়াগুপ্তা॥ ২৯॥

পাণ্ডব দিগের সভামধ্যে যে যে দরিদ্র উপস্থিত হইয়াছিল তাহাদিগকে বিত্ত ও সুবর্ণ দান করিয়াছিলেন। এই শ্লোকে "অদুঃ" দান করিয়াছিলেন এই ক্রিয়াপদ গুপ্ত আছে॥ ২৯॥

সন্ধ্যাবন্দনবেলায়াং তড়াগান্তং দ্বিজোত্তমৈঃ।
অত্র ক্রিয়াপদং গুপ্তং ধীর ত্বং বেৎসি চেদ্বদ॥ ৩০॥

সন্ধ্যেতি। হে দ্বিজোত্তম! সন্ধ্যাবন্দন বেলায়াং আরাধন সময়ে তড়াগান্তং পুষ্করিণী তটং ঐঃ গচ্ছ। ইন্ ধাতো লঙ্॥ ৩০॥

হে দ্বিজশ্রেষ্ঠ! সন্ধ্যাবন্দনের সময় সমুপস্থিত অতএব পুষ্করিণীতটে গমন করুন। এই শ্লোকে "ঐঃ" গমন করুন এই ক্রিয়াপদ গুপ্তাবস্থিত॥ ৩০॥

বিভূষণং কিং স্তনমণ্ডলানাম্
কীদৃগ্ভ্যামা চন্দ্রমসঃ কুতঃ শ্রীঃ।

কিমাহ সীতা দশবক্ত্রনীতা
হারাম হাদেবর তাত মাতঃ ॥ ৩১ ॥

অত্র শ্লোক চতুর্থ চরণে উত্তরং জ্ঞাতব্যং বিভূষণমিতি। স্তনমণ্ডলানাং স্তন সমূহানাম্ বিভূষণং কিম্? হারাঃ। উমা কীদৃশী? মহাদেবরতা। চন্দ্রমসঃ শশিনঃ শ্রীঃ শোভা কুতঃ? তমাতঃ অন্ধকারাৎ। দশবক্ত্রেন রাবণেন নীতা সীতা কিং আহ? হারাম! হা দেবর! তাত! মাতঃ! ইতি ॥ ৩১ ॥

এই শ্লোক স্থিত প্রশ্নসমূহের উত্তর চতুর্থ চরণে জ্ঞাতব্য। যথা স্তন সমূহের ভূষণ কি? হার। উমা কি প্রকার? মহাদেব রতা। চন্দ্রের শোভা কাহা হইতে বৃদ্ধি পায়? অন্ধকার হইতে (তমাতঃ)। যখন দশানন সীতাকে হরণ করিয়াছিলেন তখন সীতা কি বলিয়াছিল! হা রাম! হা দেবর! তাত! মাতঃ! ॥ ৩১ ॥

কঃ খে চরতি কা রম্যা কা জপ্যা কিং বিভূষণম্।
কো গুরুঃ কীদৃশী লঙ্কা বীরমর্কটকম্পিতা ॥ ৩২ ॥

অত্রাপি শ্লোক চতুর্থ চরণে উত্তরং জ্ঞেয়ং ক ইতি। খে আকাশে কশ্চরতি? বিঃ পক্ষী। রম্যা রমণীয়া কা? রমা লক্ষ্মীঃ। জপ্যা কা? ঋ মন্ত্রবিশেষঃ। বিভূষণম্ কিম্? কটকং বলয়ঃ "কটকে বলয়োঽস্ত্রিয়া মিত্যমরঃ!" কো গুরুঃ? পিতা। লঙ্কা রাবণ ভবনং কীদৃশী? বীর মর্কটকম্পিতা বীরাঃ স্তূরাঃ মর্কটাঃ বানরাঃ তৈঃ কম্পিতা ইত্যর্থঃ। বিঃ+রমা+ঋ+ কটকং+ পিতা=বীরমর্কটকম্পিতা ॥ ৩২ ॥

উপরোক্ত শ্লোকের চতুর্থ চরণে উত্তর জানিবে। যথা আকাশে কে বিচরণ করে? বি (পক্ষী)। রমণীয়া কে? রমা। জপনীয়কি? ঋ (মন্ত্র বিশেষ)। ভূষণ কি? কটক (বালা)। গুরুকে? পিতা। লঙ্কা কিপ্রকার? বীর মর্কট কম্পিতা অর্থাৎ বীর ও বানরগণ কর্ত্তৃক কম্পমানা ॥ ৩২ ॥

কো বেত্তি গুপ্তস্য রসস্য ভাণ্ডম্
ঘনাগমে কিং কুরুতে ময়ূরঃ।

সাধ্যঃ স্ত্রিয়ঃ কুত্র তনু ত্যজন্তি
পিপীলিকা নৃত্যতি বহ্নিকুণ্ডে ॥ ৩৩ ॥

কথিতি। অত্রাপি চতুর্থ চরণে উত্তরং জ্ঞেয়ম্। সর্ব্বং স্পষ্টম্ ॥ ৩৩ ॥

এই শ্লোকের চতুর্থ চরণে উত্তর জানিবে। যথা—গুপ্তাবস্থিত রসভাণ্ডের তত্ত্ব কে জানে? পিপীলিকা। মেঘোদয়ে ময়ূর কি করে? নৃত্যকরে (নৃত্যতি)। সতী স্ত্রীগণ কোথায় দেহ ত্যাগ করে? বহ্নিকুণ্ডে ॥ ৩৩ ॥

গৌরীনখরসংকাশং শ্রদ্ধয়া শশিনং দধৌ।
ইহাপি গোপিতঃ কর্ত্তা ধীরাণামপ্যবোধকঃ ॥ ৩৪ ॥

গৌরীতি। গৌর্য্যাঃ দুর্গায়াঃ নখরসংকাশং নখসদৃশদীপ্তিমন্তং শশিনং শ্রদ্ধয়া আদরেণ দধৌ ধারয়ামাস। ইহ অস্মিন্ শ্লোকে কর্ত্তা কর্ত্তৃপদং গোপিতঃ যো হি ধীরাণামপি অবোধকঃ দুর্জ্ঞেয়ঃ। বস্তুতঃ 'ইহা, শব্দোত্র কর্ত্তৃপদং ইঃ কামদেবঃ তং হতবান্ ইতি শিব ইত্যর্থঃ ॥ ৩৪ ॥

পার্ব্বতির নখসদৃশ মনোজ্ঞ দেখিয়া চন্দ্রকে ইহা ধারণ করিয়াছিলেন। (ইহা শব্দে কামধ্বংসকারী মহাদেবকে বুঝায়) ॥ ৩৪ ॥

সন্তপ্তা দশমধ্বজাদিগতিনা সম্মূর্চ্ছিতা নির্জ্জলে
তূর্য্য দ্বাদশবৎ দ্বিতীয়মতিমন্নেকাদশেব স্তনী।
সা ষষ্ঠী নবম ভ্রূঃ পঞ্চমকটী সা সপ্তমী বর্জ্জিতা
প্রাপ্নোত্যষ্টমবেদনাং প্রথমহে তূর্ণং তৃতীয়ো ভব ॥ ৩৫ ॥

বিরহ কাতরাং কন্যাং দৃষ্ট্বা বিদেশস্থং জামাতরং প্রতি পত্রমেতৎ লিলেখ সন্তপ্তেতি। দশমঃ মেষাদি গণনয়া দশমসংখ্যকো মকরঃ স এব ধ্বজঃ যস্য কন্দর্পস্য তস্য আদিগতিনা অতিশয় প্রভাবেন সন্তপ্তা পীড়িতা সতী নির্জ্জলে জলাভাবে তূর্য্যং চতুর্থঃ কর্কট ইত্যর্থঃ দ্বাদশোমীনঃ তয়ো রিব সম্মূর্চ্ছিতা, একাদশঃ কুম্ভইব স্তনৌ যস্যাঃ নবমঃ ধনুরিব ভ্রূবৌ যস্যাঃ পঞ্চমঃ সিংহস্য

কটিরিব কটির্যস্যাঃ অতএব সপ্তমী তুলাবর্জ্জিতা অতুলা তুলনা রহিতা ইত্যর্থঃ সা ত্বদর্পিতা ষষ্ঠী কন্যা অষ্টমঃ বৃশ্চিকঃ তস্য দংশনবদ্বেদনাঃ তব বিরহে কাম-জ্বালা মিত্যর্থঃ প্রাপ্নোতি অতঃ হে দ্বিতীয়মতিমন্! দ্বিতীয়ঃ বৃষঃ তস্মিন্ মতিঃ সা বিদ্যতে অস্যেতি হে ধর্ম্মমতিমন্! তথাচামরঃ "স্যাদ্ধর্ম্ম মস্ত্রিয়াং পুণ্য শ্রেয়সী সুকৃতং বৃষঃ" হে প্রথম! মেষোপম! তূর্ণং শীঘ্রং তৃতীয়ো মিথুনো-ভব। শীঘ্রমাগচ্ছ ইতি ভাবঃ॥ ৩৫॥

স্বীয় কন্যাকে বিরহ কাতরা দেখিয়া বিদেশস্থ জামাতার নিকটে এই পত্র খানি দ্বাদশ রাশি দ্বারা তনয়ার যথাযথ অবস্থাবর্ণনপূর্ব্বক লিখিয়া ছিলেন। হেবৃষ মতিমন্! (বৃষ শব্দের অর্থধর্ম্ম) মকরধ্বজ প্রপীড়িতা, জলা-ভাবে মীনও কর্কটবৎ মূর্চ্ছিতা, কুম্ভস্তনী, ধনুর ন্যায় আকুঞ্চিত ভ্রূধারিণী, সিংহ মধ্যা, অতুলা সেই ত্বদর্পিতা মৎকন্যা বৃশ্চিক বেদনা অর্থাৎ বৃশ্চিক জ্বালার ন্যায় কামজ্বালা প্রাপ্ত হইয়াছে অতএব হে মেষোপম! শীঘ্র মিথুন (দম্পতী) হও। (স্ত্রীও পুরুষ পৃথক্ পৃথক্ থাকিলে দম্পতী শব্দ বাচ্য হয় না অতএব দম্পতী হও এই বাক্য দ্বারা শীঘ্র আইস ইহাই বলা হইল)॥ ৩৫॥

ব্রাহ্মণেভ্যো নদীতীরে বস্ত্রান্যাভরণানি চ।
দদাতি গাং হিরণ্যঞ্চ বসুধাঞ্চ দ্রুতং ব্রজ॥ ৩৬॥

ব্রাহ্মণেতি। হে ব্রাহ্মণ! ইভ্যো ধনবান্ জনঃ "ইভ্য আঢ্যো ধনস্বামী-ত্যমরঃ"। অন্যে সুগমাঃ॥ ৩৬॥

হে ব্রাহ্মণ! নদীতীরে ধনপতি বস্ত্র আভরণ গো হিরণ্য ও ভূমি দান করিতেছেন অতএব শীঘ্র যাও॥ ৩৬॥

সম্পদ্ প্রদা কা রসনা গৃহং কিম্
করোতি কিং তত্র পুমান্ প্রিয়ায়াঃ।
কঃ কামদগ্ধোঽনুচিতাস্তু তং কিম্
রমাননং চুম্বতি শূলপাণিঃ॥ ৩৭॥

অত্র শ্লোক চতুর্থ চরণে উত্তরং সম্পাদিতি। সম্পদ্ প্রদা কা? রমা। রসনা

স্থানং কিম্? আননম্। প্রিয়ায়াঃ তত্র রসনাস্থানে পুমান্ কিং করোতি? চুম্বতি। কামোদগ্ধো যেন তাদৃশঃ কঃ? শূলপাণিঃ। অনুচিতেন কর্মণা অদ্ভুতং কিম্? রমাননং চুম্বতি শূলপাণিঃ॥ ৩৭॥

এই শ্লোকের চতুর্থ চরণে উত্তর জানিবে। যথা সম্পদ প্রদায়িনীকে? রমা। রসনা থাকিবার স্থান কি? আনন। প্রিয়তমাস্ত্রীর মুখে পুরুষ কি করে? চুম্বন (চুম্বতি)। কামদেবকে কে দগ্ধ করিয়াছে? শূলপাণি। অনুচিত কার্য্য হেতু আশ্চর্য্য কি? মহাদেব কর্ত্তৃক লক্ষ্মীরমুখচুম্বন। যে হেতুক মহাদেবের ন্যায় জ্ঞানী পুরুষের বিষ্ণু প্রিয়া লক্ষ্মীর মুখচুম্বন করা যেমন অনুচিত তেমন আশ্চর্য্য। ৩৭॥

কিং শীঘ্রং সকলং বশং প্রকুরুতে কিং তাণ্ডবী যাচতে
কিং পক্ষী শকুনিঃ সমত্তি মতিমন্ স্নানায় কিং যাচতে।
কিং শ্যামত্বমুপৈতি সংসদি সদা কিং মন্দবুদ্ধির্লভেৎ
কং লঙ্কেশসহোদরঃ প্রভজতে শীতাপতিশ্যামলম্॥ ৩৮॥

অত্র শ্লোক চতুর্থ চরণস্য শেষার্দ্ধে প্রথম দ্বিতীয়াদিক্রমেণ অক্ষরেণ সহ শ্লোকাক্ষরং মিলয়িত্বা উত্তরং বোধ্যং কিমিতি। হে মতিমন্! কিং শীঘ্রং সকলং বশং প্রকুরুতে? শীলম্। তাণ্ডবী নর্ত্তকী কিং যাচতে? তালম্। শকুনিঃ পক্ষী কিং অত্তি? পলং মাংসম্। স্নানায় কিং যাচতে? তিলং অত্র তিল শব্দস্য তৈলে লক্ষণা। শ্যামত্বং কৃষ্ণত্বং কি মুপৈতি? শ্যালং কেশম্। মন্দবুদ্ধিঃ সর্ব্বদা সংসদি সভায়াং কিং লভেৎ? মলং মলিনতা বিমর্ষতামিতি যাবৎ। লঙ্কেশসহোদরঃ বিভীষণঃ কং প্রভজতে? শীতাপতি শ্যামলং রামচন্দ্রমিতি। শীতা শব্দস্য তালব্যোঽপি কোষান্তরেঽস্তি নাত্র দোষঃ॥ ৩৮॥

"শীতাপতি শ্যামলম্" শ্লোকস্থ প্রশ্নসমূহের উত্তর। যথা—হেমতিমন্! সকলকে শীঘ্রবশ করিবার উপায় কি? শীল। নর্ত্তকীরা নৃত্যসময়ে কি প্রার্থনা করে? তাল। শকুন পক্ষী কি ভক্ষণ করে? পল (মাংস)। স্নানের সময়ে লোকে কি চাহে? তিল (তিল শব্দে এস্থলে তাৎপর্য্যবশতঃ তৈল

বুঝিতে হইবে)। শ্যামবর্ণ কি ? শ্যাল (ভুল)। মূর্খ সভায় কি লাভ করে ? মত্ত (নির্মর্যতা)। রাবণ ভ্রাতা বিভীষণ কাহাকে ভজনা করিয়াছিল ? (শীতাপত্তি শ্যামলং) নবঘনশ্যাম শ্রীরামচন্দ্রকে ॥ ৩৮ ॥

বিরাট নগরে রম্যে কীচকাদপি কীচকে।
কর্তৃগুপ্তং ক্রিয়া গুপ্তা দেয়ং হৈমীয়কঙ্কণম্ ॥ ৩৯ ॥

বিরাটেতি। রম্যে রমণীয়ে কীচকে তন্নাম্নি প্রদেশে কীচকাৎ ব্যাধাৎ বিঃ পক্ষী আট অগচ্ছৎ। স্পষ্টমন্যৎ ॥ ৩৯ ॥

রমণীয় কীচক নামক নগরে কোন একজন ব্যাধ হইতে একটী পাখী চলিয়া গিয়াছিল। এই শ্লোকে (আট) চলিয়া গিয়াছিল এই ক্রিয়াপদ ও (বিঃ) পক্ষী এই কর্তৃপদ গুপ্ত রহিয়াছে। যিনি স্বয়ং অনুসন্ধান পূর্ব্বক বলিতে পারেন তাঁহাকে একখানি স্বর্ণ কঙ্কণ দিব ॥ ৩৯ ॥

তীরে ক্ষীরসমুদ্রস্য কালকূটবিষং পপৌ।
ইহাপি গোপিতঃ কর্ত্তা ন কেষাং জ্ঞানগোচরঃ ॥ ৪০ ॥

তীরেতি। ক্ষীর সমুদ্রস্য তীরে ইহা শিবঃ কালকূটবিষং পপৌ পিবতিস্ম ॥ ৪০ ॥

ক্ষীর সাগরের তীরে মহাদেব কালকূট বিষপান করিয়াছিলেন। ইহা (মহাদেব) এই কর্ত্তপদ গুপ্ত রহিয়াছে যাহা সহজে কাহারও মনে পায় না।

গোগজবাহন-ভোজন ভক্ষ্যো
দ্ভূতপমিত্র-সপঙ্কজ-শত্রোঃ।
বাহনবৈরি কৃতাসন-হর্ত্তা
ত্বামিহ পাতু জগত্রয়ভর্ত্তা ॥ ৪১ ॥

গোগজেতি। রাজানং প্রত্যাশীর্ব্বাদমেতৎ। গবা বৃষেণ গচ্ছতীতি গোগঃ শিবঃ তস্মাৎ জাতঃ গোগজঃ কার্ত্তিকেয়ঃ তস্য বাহনং ময়ূরঃ তস্য ভোজনং সর্পঃ তস্য ভক্ষ্যঃ পবনঃ তস্মাৎ উদ্ভূতঃ জাতঃ হনুমান্ তং পাতি রক্ষতীতি

উদ্ভবঃ সুগ্রীবঃ তস্যমিত্রং রামঃ তস্য সপত্নঃ শত্রুঃ রাবণঃ "রিপৌ বৈরিস-পত্নারিদ্বিষ দ্বেষণ দুর্হৃদঃ" ইত্যমরঃ। তস্মাৎ জাতঃ ইন্দ্রজিতঃ তস্যশত্রুরিন্দ্রঃ তস্যবাহনং গজঃ তস্যবৈরী সিংহঃ তত্রকৃতং যদাসনং তেন হৃষ্টা আহ্লাদিতা, জগত্রয়ং স্বর্গ মর্ত্ত পাতালানি তুষ্যতি যা সা দুর্গা ইহ সংসারে ত্বাং পাতু রক্ষতু ॥ ৪১ ॥

গোগজ কার্ত্তিকের তাহার বাহন ময়ূর তত্তক্ষ্যবায়ু তৎপুত্র হনুমান্ তাহার রক্ষক সুগ্রীব তাহার মিত্র রাম তৎশত্রু রাবণ তদাত্মজ ইন্দ্রজিত তাহার শত্রু ইন্দ্র তাহার বাহন হস্তী তদ্বৈরী সিংহ তদুপরি আসন হেতুক আনন্দিতা, ত্রিজগৎ সন্তোষিণী ভগবতী আপনাকে রক্ষা করুন ॥ ৪১ ॥

দামোদরায় পুণ্যাত্মন্ ফলমূলজলান্যপি।
একাদশ্যাং ক্রিয়া গুপ্তা বুধৈরপি নবুধ্যতে ॥ ৪২ ॥

দামোদরায়েতি। হে পুণ্যাত্মন্! একাদশ্যাংতিথৌ ফলমূল জলান্যপি উদরায় মাদাঃ মা দেহি। মা যোগে দাধাতোর্লুঙ্ ॥ ৪২ ॥

হে পুণ্যাত্মন্! ফলমূল এমন কি জল পর্য্যন্তও একাদশী তিথিতে উদরকে দিও না। (দামা) 'দিও না' এই ক্রিয়াপদ গুপ্ত রহিয়াছে যাহা পণ্ডিতগণও সহজে বুঝিতে পারেন না ॥ ৪২ ॥

কাকালী কামধুরা কাশীতলবাহিনী গঙ্গা।
কেদার পোষণরতাঃ কং বলবন্তং ন বাধতে শীতঃ ॥ ৪৩ ॥

প্রশ্ন বাক্যেনৈব উত্তরং দর্শয়তি কাকালীতি। কালী কৃষ্ণবর্ণা কা? কাকালী কাকশ্রেণী (কাক + আলী)। মধুরা মনোহরা কা? কামধুরা কামবতী রমণী। কাগঙ্গা শীতলবাহিনী? কাশীতল বাহিনী গঙ্গা বারাণসী সমীপ-বর্ত্তিনী গঙ্গেত্যর্থঃ। দারপোষণরতা ভার্য্যাপোষকাঃ কে? কেদারঃ ক্ষেত্রং তস্য পোষণরতাঃ কৃষিজীবিনঃ ইত্যর্থঃ। কং বলবন্তং জনং শীতঃ ন বাধতে? কম্বলবন্তং কম্বলঃ শীত নিবারকো বস্ত্র বিশেষঃ ॥ ৪৩ ॥

কৃষ্ণবর্ণ বিশিষ্টাকি? কাকালী (কাকশ্রেণী)। মনোহারিণীকে? কামধুরা (কামবতী কামিণী)। কোন্ গঙ্গা শীতলজল বাহিনী? কাশীতল বাহিনী

গঙ্গা (কাশী শীতাধিক্য স্থান প্রযুক্ত তৎপার্শ্ববর্ত্তিনী গঙ্গার জলও অত্যন্ত শীতল)। গ্রীষ্মোপাবনে নিরতকে ? কেদার পোষণরতা (কৃষক সমূহ)। কোন্ বলবান্ পুরুষকে শীত বাধা জন্মাইতে পারে না ? কম্বলবস্ত্র জনকে শীত কষ্ট দিতে পারে না যেহেতুক কম্বল অত্যন্ত শীত নিবারক ॥ ৪৩ ॥

নিতম্বিনী যস্য জগদ্বিধাত্রী
বিঘ্নেশসেনা প্রপতী তনুজৌ।
সন্তিক্ষতে সোঽপি কপালপাণিঃ
কপাল বহ্নেরিয়মেব নীতিঃ ॥ ৪৪ ॥

নিতম্বিনীতি। জগদ্বিধাত্রী জগৎপালিনী যস্য নিতম্বিনী পত্নী, বিঘ্নেশঃ গণেশঃ সেনাপ্রপতিঃ কার্ত্তিকেয়শ্চ এতৌ দ্বৌ যস্য তনুজৌ এবম্ভূতঃ স শিবোঽপি কপালং নরমস্তকং পাণৌ যস্য স তথা সন্ ভিক্ষাপাত্রং ধারয়ন্ ইত্যর্থঃ সন্তিক্ষতে অতঃ কপালবহ্নেঃ কপালে বহ্নি র্যস্য তস্য হতভাগ্যস্ত ইতি যাবৎ। ইয়মেব নীতিঃ; উক্তং হি—"ভাগ্যং ফলতি সর্ব্বত্র নবিদ্যা ন চ পৌরষম্" ॥ ৪৪ ॥

সংসার পালন কারিণী যাঁহার গৃহিণী, বিঘ্নবিনাশকারী গণেশ ও অতুল ক্ষমতাধারী কার্ত্তিকেয় যাঁহার পুত্র, সেই শিবও দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বেড়ায় অতএব বুঝিলাম কপাল বহ্নিরই এরূপ রীতি। অর্থাৎ কপাল পোড়াদিগের সমস্ত সম্পৎ বিদ্যমান সত্ত্বেও সুখ প্রাপ্ত হয় না ॥ ৪৪ ॥

কো হালাহলমত্তি সৃষ্টিবিষয়ে কা বা জগৎকারিণী
কো বা ধ্বান্তবিনাশকঃ পশুপতেঃ পুত্রঃ প্রিয়ো বা হি কঃ।
কো দেবৈর্ম্মথিতঃ সদা নরহরে র্ভক্তো হি কো বা প্রিয়ঃ
কা বা ভারসহা বিচার্য্য মতিমন্ আদ্যন্তলোপাৎপঠ ॥ ৪৫ ॥

কবিতি। সৃষ্টি বিষয়ে সৃষ্টি রক্ষণ হেতবে কঃ হলাহলং বিষং অত্তি ? মহেশঃ। জগৎকারিণীকা ? প্রকৃতিঃ। ধ্বান্তবিনশকঃ কঃ ? উষ্ণভা সূর্য্যঃ।

গভস্তেঃ শিবস্য প্রিয়পুত্রঃ কঃ কুমারঃ। দেবৈর্মথিতঃ কঃ? সমুদ্রঃ। নন্দতনয়েঃ শ্রীকৃষ্ণস্য প্রিয়োভক্তঃ কঃ? উদ্ধবঃ। ভারসহা কা? ধরণী। হে মতিমন্! উত্তরীভূতানাং মহেশ প্রভৃতীনাং শব্দানাং আদ্যন্তলোপং পঠ। এতেন হে কৃষ্ণ মামুদ্ধর ইত্যায়াতম্॥ ৪৫ ॥

সৃষ্টি রক্ষার জন্য কে বিষপান করিয়াছিলেন? মহেশ। জগৎ কারিণী কে? প্রকৃতি। অন্ধকার নাশকারী কে? উষ্ণতা (সূর্য্য)। মহাদেবের প্রিয় পুত্র কে? কুমার (কার্ত্তিকেয়)। দেবতারা কি মন্থন করিয়াছিলেন? সমুদ্র। শ্রীকৃষ্ণের প্রিয়ভক্ত কে? উদ্ধব। ভারসহ্যকারিণী কে? ধরণী। হে সুমতে! উল্লিখিত উত্তর সমূহের আদি ও অন্তলোপ পূর্ব্বক পাঠ করুন ॥ ৪৫ ॥

ভবিত্রী রম্ভোরু ত্রিদশবদনগ্লানিরচিরাৎ
স রামোঽপি স্থাতা ন যুধি পুরতো লক্ষণসহঃ।
গমিষ্যত্যেবোচ্চৈ র্বিপদ মধুনা বানরচমূ
র্লষিষ্ঠৈদং ষষ্ঠাক্ষরপরবিলোপাৎ পঠ পুনঃ ॥ ৪৬ ॥

রাবণ সীতয়ো র্গূঢ়প্রশ্নোত্তরং ভবিত্রীতি। হে রম্ভোরু! সীতে! বানরচমূঃ বানর সেনা অধুনা উচ্চৈ রুন্নতাং বিপদং গমিষ্যত্যেব শীঘ্রং মদ্বাণেন যমালয়ং যাস্যত্যেব নাস্তি সন্দেহঃ ইত্যর্থঃ। সুতরাং লক্ষণেন সহ স রামোঽপি যুধিঃ পুরতঃ মমাগ্রে নস্থাতা অসহায়ত্বাদিতি ভাবঃ। অতঃ ত্রিদশাঃ দেবাঃ তেষাং বদনগ্লানিঃ মুখমালিন্যং অচিরাৎ সত্বরং ভবিত্রী ভবিষ্যতি। সুতরাং রামপ্রাপ্তিরূপং তবাভিলাষং নপূর্ণস্তবেৎ অতো মাং ভজ ইতি গূঢ়াভিপ্রায়ঃ। অভিপ্রায়জ্ঞা সীতা প্রত্যুত্তর মাহ লষিষ্ঠেতি। রে লষিষ্ঠ! রে নীচাশয়! তব পঠিতস্য চরণ ত্রয়স্য ষষ্ঠাক্ষরপর বিলোপাৎ সপ্তমাক্ষরান্ বিলোপ্য পুনঃ পঠ। এতেন দশবদন গ্লানিঃ। যুধিপুরতঃ স্থাতা। পদমধুনা ইত্যাদিকং আয়াতম্ ॥ ৪৬ ॥

"হে রম্ভোরু! অদ্যই আমার পরাক্রমে বানর সৈন্য যমঘর সন্দর্শন করিবে কাজেকাজেই সৈন্য বিহীন রামও লক্ষণ আমার সম্মুখে যুদ্ধার্থে আর অগ্রসর

হইবে না। এবং শীঘ্রই রামের জয় প্রার্থী দেবতারাও বিষাদিত হইবেন। (অতএব রামের আশা পরিত্যাগ পূর্ব্বক আমাতে রত হও ইহাই তাহার অভিপ্রায়)। সীতা তদাভিপ্রায় বুঝিতে পারিয়া নির্ভয়ে গৌরবের সহিত উত্তর করিলেন। রে নীচ। তোমার পঠিত চরণ ত্রয়ের সপ্তমাক্ষর লোপ করিয়া পাঠ কর। সপ্তমাক্ষর যথাক্রমে ত্রি, ন ও বি লোপকরায় দশবদন গ্লানি উপস্থিত হইবে। রামও লক্ষণ যুদ্ধার্থে সম্মুখে সমুপস্থিত হইবেন এবং বানর সৈন্য উচ্চ পদ পাইবে। ইহাই উত্তর করা হইল ॥ ৪৬ ॥

ভেরাড় ভালমাস কাটা সদা মুদেহগজাবলা।
বিষাভা তমচ্ছমীড়ে যস্য নাকধুনী গলে ॥ ৪৭ ॥

শিবস্তুতি পরায়ণস্য কস্যচিজ্জনস্য কংস্তৌসি ইতি পৃষ্টং প্রতি উত্তরমেতৎ ভেরাড়িতি। ভে নক্ষত্রে রাজতে ইতি ভেরাড় চন্দ্রঃ। অলুক্ সমাসঃ অভিধানাৎ। মুদে হর্ষায় যস্য ভালং ললাটং সদা আস প্রাপ্তবান্। অগজা দুর্গা যস্য অবলা স্ত্রী। নাকধুনী গঙ্গা যস্য কে শিরসি অটতীতি কাটা শিরোবিহারিণী। যস্য চ গলে বিষাভা তং অচ্ছং প্রসন্নং শিবং ঈড়ে স্তৌমি। ঈড় ধাতোর্লট্ ॥ ৪৭ ॥

কাহাকে স্তুতি করিতেছ এইরূপ জিজ্ঞাসিত ব্যক্তিকে শিবস্তুতি পরায়ণ ভক্ত উত্তর দিতেছেন। চন্দ্র যাঁহার সন্তোষের জন্য ললাটে বিরাজ করিতেছে, পার্ব্বতী যাঁহার পত্নী, গঙ্গা যাঁহার শিরোবিহারিণী, যাঁহার গলে বিষের আভা শোভা পাইতেছে, যিনি সদা প্রসন্ন, সেই শিবকে স্তুতি করিতেছি ॥৪৭॥

আদ্যন্তাভ্যাং ভবেৎ সাধ্বী দ্বাভ্যাঞ্চৈব ক্রিয়া তথা।
বিপরীতে চ বিষয়ঃ সমুদায়ে সুরাঙ্গনা ॥ ৪৮ ॥

আদ্যেতি। সরস্বতীত্যুত্তরম্। সতী। সর (সৃধাতো র্লোট্)। রস "রূপং শব্দো গন্ধরস স্পর্শাশ্চ বিষয়া অমী" ॥ ৪৮ ॥

এমন একটী নামকর যাহার আদি ও অন্তবর্ণ যোগ করিলে সাধ্বী অর্থ হয়। প্রথম বর্ণদ্বয়ে ক্রিয়া এবং তাহার বিপরীতে বিষয় ও সম্পূর্ণ শব্দটী

যাহা একজন সুরাঙ্গনা বুঝায়। সরস্বতী উত্তর। যথা—সতী। সর (দূরে চলে যাও)। রস (রূপরস গন্ধ শব্দ ও স্পর্শকে বিষয় বলে)॥ ৪৮॥

কা ভারং সহতে নরাশ্চ সততং তোয়ঞ্চ কিং কুর্ব্বতে
কা ভূতিং প্রদদাতি কিঞ্চ শকুনা অশ্নন্তি যত্নাদ্ভুবি।
কিং কুর্ব্বন্নরকং ব্রজেদপি নর শ্চেতোঽপি বা কিং ব্রজেৎ
কো বা প্রেতগণাধিপশ্চ মতিমন্নন্তস্য লোপাৎ পঠ॥ ৪৯॥

কেতি। "গোপাল মাং পালয়" ইতি যথাক্রমেণ উত্তরং জ্ঞাতব্যম্। গোত্রা পৃথিবী। পানম্। লক্ষ্মীঃ। মাংসম্। পাপম্। লয়ম্। যমঃ॥ ৪৯॥

ভার বহন করে কে? গোত্রা (পৃথিবী)। মনুষ্যেরা জল কি করে? পান। সম্পত্তি প্রদান করে কে? লক্ষ্মী। শকুন কি খায়? মাংস। কি করিলে লোক নরকে যায়? পাপ। চিত্ত কি প্রাপ্ত হয়? লয়। প্রেতগণাধিপতি কে? যম। হে মতিমন্ উত্তর সমূহের অন্ত লোপ করিয়া পাঠ করুন॥ ৪৯॥

কা বা ভূমিসুতা চ কিঞ্চ রসবৎ প্রাণপ্রদং প্রাণিনাম্।
কা বা নিগ্রহকারিণা চ কবিনঃ কা কার্য্য সিদ্ধিপ্রদা।
কো বাক্ষি শ্রবণশ্চ কং হতবান্ কৃষ্ণঃ সুবাক্যশ্চ কঃ
কৌষেয়ং বসনং ভবেদপি কুতশ্চাদ্যস্যলোপাৎপঠ॥ ৫০॥

কেতি। "তারিণি ত্রাহি সঙ্কটাৎ" ইতি যথাসংখ্যমুত্তরং জ্ঞেয়ম্। সীতা। বারি। পাণি। মাত্রা। অহিঃ। কংসং। পিকঃ (কোকিলঃ)। পটাৎ॥ ৫০॥

ভূমি সুতা কে? সীতা। প্রাণিদিগের জীবন রক্ষক রসবৎ কি? বারি (জল)। প্রহারকারিণী কি? পাণি (হস্ত)। কবি দিগের কার্য্য সিদ্ধি প্রদায়িনী কি? মাত্রা। কে চক্ষুদ্বারা শুনিয়া থাকে? অহি (সর্প)। কৃষ্ণ কাহাকে বধ করিয়াছেন? কংসকে (কংসং)। মিষ্ট শব্দকারী কে? পিক। পট্ট বস্ত্র কাহা হইতে জন্মে? পট হইতে (পটাৎ)। হে সুমতে! উত্তর সমূহের আদি অক্ষরলোপ করতঃ পাঠ করুন॥ ৫০॥

কান্তে বসন্ত সময়ে বদ কিং তরূণাম্
কিং ক্ষীয়তে বিরহিনাং উরগঃ কিমেতি।
কিং কুর্ব্বতে মধুকরা মধুপান মত্তাঃ
কীদৃগ্বনং মৃগগণা স্ত্বরিতং ত্যজন্তি ॥ ৫১ ॥

কান্তেতি। দববিকলমিত্যুত্তরংবোধ্যম্। দলং পত্রং। বলং। বিলং বিবরং। কলং অব্যক্ত মধুর শব্দ বিশেষঃ। দববিকলং দবেন বনাগ্নিনা বিকলং দগ্ধবনমিতি। প্রশ্নাঃ সুগমাঃ ॥ ৫১ ॥

এই শ্লোকস্থ দববিকল প্রশ্ন সমূহের উত্তর জানিবে। যথা হে কান্তে! বসন্ত সময়ে বৃক্ষ সমূহের কি হয়? দল (পত্র)। বিরহিদিগের কি ক্ষয় হয়? বল। সর্পের বাস স্থান কি? বিল (গর্ত্ত)। মধুপান মত্ত মধুকরেরা কি করে? কল (গুন্ গুন্ শব্দ)। মৃগসমস্ত কি প্রকার বন পরিত্যাগ করে? দববিকল (দগ্ধবন) ॥ ৫১ ॥

যঃ শব্দশ্চতুরক্ষরেণ বনজো বর্ণৈ স্ত্রিভি র্ভূষণম্
বর্ণৈকেন মহী দ্বয়েন বিহগা দ্বৌ মধ্যগৌ প্রাণদৌ।
ব্যস্তে গোত্র লবঙ্গ চারু কুসুমং প্রান্তে জগন্মিলনম্
যো জানাতি স পণ্ডিতঃ ক্ষিতিতলে তস্যাপ্যহং কিঙ্করঃ ॥৫২॥

য ইতি। কুবলয় ইত্যুত্তরং জ্ঞেয়ম্। কুবলয়ঃ উৎপলং "স্যাদুৎপলং কুবলয়ঃ" ইত্যমরঃ। বলয়ঃ ভূষণ বিশেষঃ। কুঃ পৃথিবী। বয়ঃ পক্ষিনঃ। বলম্। ব্যস্তেব্যতিক্রমে—কুলম্। লবঃ লবঙ্গঃ। বকুলঃ তন্নামখ্যাত পুষ্প বিশেষঃ। লয়ঃ নাশঃ ॥ ৫২ ॥

চারি অক্ষর বিশিষ্ট এমন একটী বনজ বস্তুবাচক নাম নির্দ্ধারণ করিতে হইবে। যেই নামস্থ বর্ণ চতুষ্টয়ের যে কোন তিনটী বর্ণে যে কোন রকমের একটি অলঙ্কার ও একটী বর্ণে পৃথিবী, দুইটী বর্ণে পাখীগণও মধ্যবর্ণ দ্বয়ে জীবন রক্ষক বস্তু বুঝায়। এবং বর্ণ ব্যতিক্রমে গোত্র, লবঙ্গ ও চারু কুসুম প্রতীতি করায়। আর ঐ শব্দের অন্ত বর্ণদ্বয়ে জগন্মিলন অর্থ ঘটে।

এরূপ নাম যিনি বলিতে পারেন আমি তাঁহার কিঙ্কর হইব। কুবলয় শব্দই উত্তর। যথা—বলয়। কু (পৃথিবী)। বয়ঃ (পক্ষিসমূহ)। বল। ব্যতিক্রমে—কুল। লব (লবঙ্গ)। বকুল। লয় ॥ ৫২ ॥

য এবাদৌ স এবান্তে মধ্যে তিষ্ঠতি মধ্যমঃ।
অস্যার্থং যো ন জানাতি তন্মুখে তং দদাম্যহম্ ॥ ৫৩ ॥

য ইতি। যকারঃ আদৌ সকারঃ অন্তে মধ্যে মধ্যমো বর্ণস্তিষ্ঠতি পবর্গস্যেতি শেষঃ। এতেন যবসঃ ঘাস ইত্যুত্তরম্ ॥ ৫৩ ॥

য ও স এই বর্ণ দ্বয়ের মধ্যে কোন এক বর্গের মধ্যম বর্ণ বসাইলে যে অর্থ হয় তাহা যিনি না জানেন তাঁহার মুখে আমি সেই বস্তু দিব অর্থাৎ য ও স এই বর্ণ দ্বয়ের মধ্যে পবর্গীয় মধ্যমবর্ণ 'ব' বসাইলে যবস হয় যাহার অর্থ ঘাস। যিনি বলিতে না পারেন তাঁহার মুখে ঘাস দিব ইহাই তাৎপর্য্য ॥ ৫৩ ॥

সারমানবরারোহা নগেভাগমনা হি যা।
যাহি নামগ ভাগেন হারোরা বনমার সা ॥ ৫৪ ॥

সারমানবরারোহা ইতি প্রথমে। নগেভাগমনা হি যা ইতি দ্বিতীয়ে। যাহি নামগ ভাগেন ইতি তৃতীয়ে। হারোরা বনং আর সা ইতি চতুর্থে। কাচিৎ সখী শ্রীকৃষ্ণমাহ সারেতি। যা সারঃ প্রধানঃ স চাসৌ মানশ্চেতি তস্য বরঃ শ্রেষ্ঠঃ তং আরোহয়তীতি অত্যন্ত মানিনীত্যর্থঃ। যা নগঃ পর্ব্বতঃ স ইব ইভঃ করী মহাকায় হস্তীত্যর্থঃ তস্যেব আগমনং যস্যাঃ তাদৃশী গজেন্দ্রগমনেত্যর্থঃ এবং হারোরা হারঃ উরসি যস্যাঃ সা রাধা হে নামগ! কৃষ্ণ! ভাগেন তব ভাগ্যেনেতি যাবৎ বনং কুঞ্জবনং আর অগচ্ছৎ যাহি গচ্ছ ত্বমিতিশেষঃ। শ্লোকোয়ং বিপরীত পাঠেহপি এবমেব ভবতি ॥ ৫৪ ॥

হে শ্রীকৃষ্ণ! মানিনীশ্রেষ্ঠা, গজেন্দ্রগামিনী, হারধারিণী সেই রাধা তোমার ভাগ্যবশতঃ কুঞ্জবনে গিয়াছেন; অতএব তুমিও যাও ॥ ৫৪ ॥

কঃ শূরো বিজিতেন্দ্রিয়ঃ প্রিয়তমা কা সুব্রতা কিং ধনম্
বিদ্যা কিং সুখমপ্রবাসপরতা রাজ্যং কি মাজ্ঞাফলম্।

লাভঃ কো গুণিসঙ্গমঃ কিমশুভং প্রাজ্ঞেতরোপাশ্রয়ঃ
কা হানির্বিনয়চ্যুতি র্নিপুণতা কা ধর্ম্মতত্ত্বেরতিঃ ॥ ৫৫ ॥

ক ইতি। কঃ শূরঃ ? বিজিতানি বশীভূতানিইন্দ্রিয়াণি যস্য স তথা এবং উত্তরোত্তরং প্রশ্নানন্তরমুত্তরং জ্ঞেয়ম্ ॥ ৫৫ ॥

এই শ্লোকে প্রশ্নের অব্যহিত পরেই উত্তর প্রদত্ত হইয়াছে যথা। শূরকে ? ইন্দ্রিয়জয়ী। প্রিয়তমা কে ? কুলধর্ম্মরক্ষিণী। শ্রেষ্ঠধন কি ? বিদ্যা। সুখ কি ? অপ্রবাসপরতা। রাজ্য কি ? প্রতিপালিতআজ্ঞা। লাভ কি ? গুণি-দিগের সহবাস। অশুভকি ? মূর্খাশ্রয়। হানি কি ? বিনয়ধ্বংসতা (বিনয় হীনব্যক্তির পদে পদে বিপদ)। নিপুণতা কি ? ধর্ম্মবিষয়ে আসক্তি ॥ ৫৫ ॥

এষাশা ত্বং মহারাজো ভবাশু প্রতিপালক।
কামারিঃ পাতু বো নিত্যং তৃতীয়াক্ষরবান্ ভব ॥ ৫৬ ॥

অবিবাহিতং কঞ্চিৎ যুবরাজং প্রতি কেনচিৎ কবিনা আশীর্ব্বাদং বিদ্রূপ-কাকারি এষাশেতি। হে প্রতিপালক! ত্বং আশু সহসা মহারাজো ভব এষৈব অস্মাকং আশা। কামস্য অরিঃ শিবঃ নিত্যং বো যুষ্মান্ পাতু। এবং তৃতীয়াক্ষরবানপি ভব শীঘ্রমিতি শেষঃ। অর্থাৎ প্রত্যেকপাদস্য তৃতীয়াক্ষর-সংগ্রহেণ যৎ ভবতি তদ্ভব। শাশুরিয়া ইতি কলিতার্থঃ। তব পরিণয়ং ভবতু ইতি ব্যাজেনোক্তম্ ॥ ৫৬ ॥

অবিবাহিত কোন এক যুবরাজকে একজন সুরসিক কবি আশীর্ব্বাদ ও গল্প ব্যঞ্জক এই শ্লোকটী বলিয়াছেন। হে প্রতিপালক! আপনি সহসা মহারাজ হউন, মহাদেব আপনাকে রক্ষা করুন; ইহাই আমাদের আশা এবং আপনি অচিরে শাশুরিয়া হউন অর্থাৎ শীঘ্রই আপনার বিবাহ হউক ইহাই গল্পভরে বলা হইল ॥ ৫৬ ॥

দ্বন্দ্বো দ্বিগুরপি চাহং মদগৃহে নিত্যমব্যয়ী ভাবঃ।
তৎ পুরুষ কর্ম্ম ধারয় যেন হি স্যাং বহুব্রীহিঃ ॥ ৫৭ ॥

রাজদ্বারোপস্থিতঃ কশ্চিৎ পণ্ডিতঃ সমাসদ্বারেণ স্বীয়াবস্থাং বর্ণয়ন্নাহ দ্বন্দ্ব

ইতি। অহং দ্বন্দ্বঃ দ্বন্দ্বঃ স্ত্রীপুংসযুগ্মরূপমস্যাস্তীতি অর্শআদিত্বাদপ্রত্যয়ঃ। তথাহং দ্বিগুরপি দ্বে গাবৌ যস্য সঃ। মদ্গৃহে নিত্যং অব্যয়ীভাবঃ ব্যয়াভাবঃ ধনাভাবাৎ। অতঃ হে পুরুষ! অহং যেন কর্ম্মণা বহুব্রীহিঃ বহবো-ব্রীহয়ঃ ধান্যানি যস্য স তথাভূতঃ স্যাং ভবেয়ং তৎ কর্ম্ম ধারয় সম্পাদয় মহ্যং ধনং দেহীত্যভিপ্রায়ঃ ॥ ৫৭ ॥

কোন এক দরিদ্র পণ্ডিত রাজদ্বারে উপস্থিত হওতঃ স্বীয় অবস্থা বর্ণন করিতেছেন। আমরা স্ত্রীপুরুষ দুইজন এবং আমাদের দুইটী গাভী আছে কিন্তু ধনাভাববশতঃ আমরা প্রতিপালিত হইতে এবং গাভীদ্বয়কে প্রতিপালন করিতে পারিতেছিনা অতএব হে মহাত্মন্! যে উপায়ে আমি বহুধান্যশালী হইতে পারি তদুপায় অনুষ্ঠান করুন। আমাকে ধনদান করুন ইহাই প্রকারান্তরে কথিত হইল ॥ ৫৭ ॥

রামাপ্রিয়ো ব্রহ্মকুলেঽপিজাতঃ
শীতার্দ্দিতো হৈমগৃহে নিবাসঃ।
মন্দোদরী মে শয়নে চ লগ্না
স রাবণোঽহং দ্বিকপালহীনঃ ॥ ৫৮ ॥

কস্যচিদ্দরিদ্রস্যোক্তিরিয়ং রামেতি। অহং স প্রসিদ্ধোরাবণ ইব কিন্তু স দশকপালধারী অহং দ্বিকপালহীনঃ আটকপালিয়া ইতি ভাষা। তৎসাদৃশ্যং যোজয়তি রামেতি। রাবণঃ রামস্য অপ্রিয়ঃ শত্রুঃ অহমপি রামায়াঃ স্ত্রিয়ঃ অপ্রিয়ঃ ভূষণাদিদানে পালনে চ অক্ষমত্বাৎ। রাবণো ব্রহ্মণঃ কুলে জাতঃ ব্রহ্মণঃ পুত্রঃ পৌলস্ত্য তস্য পুত্রো বিশ্রবা তৎপুত্রো রাবণ ইতি। অহমপি ব্রহ্মণঃ স্রষ্টুঃ কুলে জাতঃ ব্রাহ্মণ ইতি সূচিতম্। রাবণঃ সীতয়া জানক্যা অর্দ্দিতঃ পীড়িতঃ সীতাসঙ্গমেচ্ছুঃ সন্ কামেন পীড়িত ইতিভাবঃ। অহমপি শীতেন অর্দ্দিতঃ বস্ত্রাদেরভাবাৎ। শীতা শব্দস্য বস্ত্যাদি তালব্যাদিশ্চ অভিধানে দর্শনাৎ নাত্রদোষঃ। তস্য রাবণস্য হৈমগৃহে স্বর্ণাদি খচিতগৃহে মমাপি হৈমগৃহে শিশিরপূর্ণগৃহে নিবাসঃ গৃহস্যাবরণাদেরভাবাৎ। মন্দোদরী-নারী প্রসিদ্ধা পত্নী তস্য শয়নে লগ্না মিলিতা। মমাপি মন্দঃ অপকারী উদরী রোগবিশেষঃ শয়নে লগ্না ইতি ॥ ৫৮ ॥

একজন দরিদ্র ও রোগী ব্রাহ্মণের উক্তি। রাবণ যেমন রামাপ্রিয় (রামের শত্রু) আমিও রামাপ্রিয় (বসনভূষণ দিতে পারিনা বলিয়া রমণীর অপ্রিয়)। রাবণ যেমন ব্রহ্মকুলে জন্মগ্রহণ করিয়াছেন আমিও ব্রহ্মকুলে জন্মগ্রহণ করিয়াছি। রাবণ যেমন শীতার্ত্তিত (সীতাসঙ্গমলালসারূপ কামজ্বালায় পীড়িত); আমিও (বস্ত্রাদি অভাবে) শীতার্ত্তিত। রাবন যেমন হৈমগৃহে (স্বর্ণকারুকার্য্যময় চারুগৃহে) বাস করেন; আমিও হৈমগৃহে (শিশিরপূর্ণ গৃহে) বাস করি তিনি যেমন মন্দোদরীর (রাবণপত্নী) সহিত শয়ন করেন; আমিও মন্দোদরীর (দুঃখকরী উদরী রোগ) সহিত শয়ন করি। সুতরাং আমি সমস্ত বিষয়েই সৌভাগ্যশালী মহাপুরুষ রাবণ সদৃশ কিন্তু রাবণ দশকপালধারী আমার তাঁহা হইতে দুইটি কপাল কম এই মাত্র প্রভেদ অর্থাৎ আমি আটকপালিয়া (লোকেদুর্ভাগ্যলোককে আটকপালিয়া বলিয়া থাকে) ॥৫৮॥

বৃ হং গং বাহনং যেষাং যেষাং ত্রি ক চ ভূষণং।
বামে পা সা লক্ষা যেষাং তেদেবাঃ পান্তুবঃ সদা ॥ ৫৯ ॥

বৃহমিতি। বৃ বৃষঃ। হং হংসঃ। গং গরুড়ঃ। ত্রি ত্রিশূলঃ। ক কমণ্ডলু। চ চক্রং। পা পার্ব্বতী। সা সাবিত্রী। লক্ষা লক্ষ্মীঃ। তে দেবাঃ শিব বিধিবিষ্ণবঃ বো যুষ্মান্ সদা পান্তু ॥ ৫৯ ॥

যেই দেবতাদির যথাক্রমে বৃষ, হংসও গরুড় বাহন, ত্রিশূল, কমণ্ডলু ও চক্র ভূষণ এবং পার্ব্বতী, সাবিত্রী ও লক্ষ্মী বামাঙ্গ (স্ত্রী) সেই, দেবগণ (মহাদেব, ব্রহ্মাও বিষ্ণু) আপনাদিগকে সর্ব্বদা রক্ষাকরুন ॥ ৫৯ ॥

হিমশিশিরবসন্তগ্রীষ্মবর্ষাশরৎসু
স্তনতপনবনাম্বুহর্ম্ম্যগোক্ষীরপানম্।
সুখ মনুভব রাজন্ যাতু বো হরি র্বিনাশম্
দিবস কমললক্ষ্মা যামিনী রেণুপঙ্কঃ॥ ৬০ ॥

রাজানং প্রত্যাশীর্ব্বাদ মেতৎ হিমেতি। হে রাজন্! হিমাদিষু ষট্সু ঋতুষু যথাসংখ্যেন স্তনাদিনা যৎ সুখমুপজায়তে তৎ সুখ মনুভব। এবং বঃ যুষ্মাকং অরিঃ উপরোক্তেষু ষট্সু ঋতুষু যথা হিমাদয়ঃ বিনাশং যান্তি তথা বিনাশং যাতু ॥ ৬০ ॥

হে রাজন্! হিমঋতুতে স্তনসেবনে, শিশিরে তপনতাপে, বসন্তে বনবিহারে, গ্রীষ্মে অম্বুপানে, বর্ষায় হর্ম্ম্য (অট্টালিকা) নিবাসে ও শরৎ কালে গোদুগ্ধ পানে যে সুখ অনুভব হয় আপনি সে সুখ উপভোগ করুন। এবং হিমে দিবস শিশিরে কমল, বসন্তে (কামপ্রাবল্য হেতুক) লজ্জা, গ্রীষ্মে যামিনী (রাত্রি), বর্ষায় রেণু (ধুলি ও শরৎকালে পঙ্ক (কর্দ্দম) যেরূপ বিনাশ প্রাপ্ত হয় আপনার শত্রুও সেরূপ বিনাশ প্রাপ্ত হউক॥ ৬০॥

পাতু বো গিরিজা মাতা যস্য দ্বাদশলোচনঃ।
অথবা গিরি জামাতা দ্বাদশাদূর্দ্ধ লোচনঃ॥ ৬১॥

পাত্বিতি। গিরিজা দুর্গা যস্য মাতা স দ্বাদশলোচনঃ কার্ত্তিকেয়ঃ বঃ যুষ্মান্ পাতু। অথবা গিরে হিঁমালয়স্য জামাতা দুহিতৃপতিঃ "জামাতা দুহিতুঃ পতিঃ" ইত্যমরঃ। দ্বাদশাদূর্দ্ধ লোচনঃ পঞ্চদশলোচনঃ শিবঃ বঃ যুষ্মান্ পাতু॥ ৬১॥

গিরিজা যাঁহার মাতা সেইদ্বাদশ লোচন কার্ত্তিকেয় আপনাদের মঙ্গল করুন অথবা হিমালয় জামাতা পঞ্চদশনয়ন মহাদেব আপনাদের মঙ্গল করুন॥ ৬১॥

সম্পূর্ণম্।

প্রাপ্তিস্থান।

১। শ্রীযুক্ত রামচন্দ্র তর্কভূষণ। পোষ্ট জোরারগঞ্জ, গোপীনাথ পুর, চট্টগ্রাম।

২। শ্রীযুক্ত শ্রীনাথ বিদ্যাভূষণ। পোষ্ট দত্তপাড়া, সোণাচাকা, নোয়াখালী।

৩। মালখানগর ইংরাজি স্কুলের হেড্ পণ্ডিত শ্রীযুক্ত দ্বারকানাথ কাব্যতীর্থ। পোষ্ট তালতলা, ঢাকা।

প্রকাশক।